মুহাম্মাদিনি ল্লাযী- কা-না ইযা- মাসাহা বিমিন্দী-লী ইয়াদায়হি লাম্ তা'দুন্ না-রু 'আলায়হি।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি কখনও কোন রুমাল দ্বারা হাত মোছন করলে ওই রুমালটিকে আগুন স্পর্শ করতে পারত না।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

إِنِّ الَّذِي دَعَا عَلَىٰ أَبِي عَامِرٍ الرَّاهِبِ فَمَاتَ وَهُوَ إِلَى الشَّامِ ذَاهِبٌ

ল্লাযী- দা'আ- 'আলা- আবী- 'আ-মিরিন্নি রা-হিবি ফামা-তা ওয়া হুয়া ইলাশ্ শা-মি যা-হিব।
যিনি আবু আমের নামক এক পাদরীর বিপক্ষে দো'আ করার ফলে সে মারা যায়, যখন সে সিরিয়ার উদ্দেশ্যে গমন করছিল।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

مُحَمَّدٍ إِنِّ الَّذِي دَعَا عَلَى الْحَكَمِ دَعْوَةً فَاصَابَتْهُ لِقْوَةٌ

মুহাম্মাদিনি ল্লাযী- দা'আ- 'আলাল্ হাকামি দা'ওয়াতান্ ফাআসোয়া-বাত্ছ লাক্বুওয়াহ্।
যিনি হাকাম নামক ব্যক্তির বিপক্ষে দো'আ করার ফলে সে 'লাক্বুওয়া' (প্যারালাইসিস) রোগে আক্রান্ত হয়ে তার গাল বাঁকা হয়ে যায়।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

إِنِّ الَّذِي سَمِعَ وَجَنَةَ الْحَجَرِ حِينَ الْقِي فِي السَّقْرِ

ল্লাযী- সামি'আ ওয়াজানাতাল্ হাজারি হী-না উল্কিয়্যা ফিস্ সাক্বারি
যিনি শুনতে পেয়েছেন পাথর পতনের শব্দ যখন তা নিক্ষেপ করা হয়েছিলো জাহান্নামে

وَسَمِعَ عَوَاءَ الْكُفَّارِ وَهُمْ فِي الدَّرَكِ الْأَسْفَلِ مِنَ النَّارِ

ওয়া সামি'আ 'আওয়া-আল্ কুফফা-রি ওয়া হুম্ ফিদ্দারকিল্ আস্ফালি মিনান্না-র।
এবং শুনতে পেয়েছেন কাকিরদের ক্রন্দনের আওয়াজও, যখন তারা জাহান্নামের সর্ব নিম্নস্তরে অবস্থান করছিল।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي سَمِعَ بُكَاءَ الْكُرُوبِيِّنَ يَسْتَغْفِرُونَ لِأَهْلِ الذُّنُوبِ مِنْ أُمَّتِهِ

ল্লাযী- সামি'আ বুকা-আল্ কারুরু-বী-না ইয়াস্তাগফিরু-না লিআহলিয়্ যুনু-বি মিন্ উম্মাতিহ্ ।
যিনি শুনতে পেয়েছেন কারুরুবীন ফেরেশতাদের কান্নার শব্দ যারা তাঁর (প্রিয় নবীর) গুনাহ্গার উম্মতদের জন্য ক্ষমা প্রার্থনা করছিলেন ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي سَمِعَ الْيَهُودَ تُعَذِّبُ فِي قُبُورِهَا

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- সামি'আল্ ইয়াহু-দা তু'আযযাবু ফী- কুবু-রিহা-
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি ইহুদীদেরকে কবরে যে শাস্তি দেয়া হচ্ছিল তা শুনতে পেয়েছেন,

قَبْلَ يَوْمِ نُشُورِهَا وَسَمِعَ صَاحِبَ الْقَبْرِ

ক্বাব্লা ইয়াউমি নুশু-রিহা- ওয়া সামি'আ সোয়া-হিবাল্ ক্বাবরি
তাদেরকে ক্বিয়ামত দিবসের জন্য উত্থিত করার অনেক পূর্বে । আর তিনি শুনতে পেয়েছিলেন ওই কবরবাসীর

يَقُولُ عُذْبْتُ فِي الْغَيْبَةِ وَالْبَوْلِ

ইয়া ক্বা-লু 'উয্ যিব্-তু ফিল্ গী-বাতি ওয়া ল্ বাউ ল্ ।
কথাও যে বলছিল, 'আমাকে শাস্তি দেয়া হচ্ছে গীবিত ও প্রস্রাবের (অপবিত্রতা থেকে নিজেকে রক্ষা না করার) কারণে ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

اَلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۙ الَّذِي سَمِعَ حَرَكَةَ بَابِ الْجِنَانِ حِينَ حَرَكَهُ الرِّضْوَانُ

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- সামি'আ হারাকাতা বা-বিল্ জিনা-নি হী-না হাররাকাহুর্ রিদ্ওয়া-নু
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি গুনতে পেয়েছেন জান্নাতের দরজাগুলোর নড়াচড়ার শব্দ যখন রিদ্ওয়ান

وَسَمِعَ وَهُوَ بِوَادِ الْعَقِيْقِ تَسْبِيْحَ مَلَائِكَةِ السَّمَاءِ بِالتَّحْقِيْقِ

ওয়া সামি'আ ওয়া ছয়া বিওয়া-দিল্ 'আক্বীক্বি তাস্বী-হা মালা-ইকাতিস্ সামা-ই বিত্বাহক্বী-ক্ব।
(বেহেশতের দারোগা) এগুলোকে নড়াচড়া করছিলেন এবং 'আক্বীক্ব' নামক উপত্যকা থেকে নিশ্চিতভাবে আসমানের ফেরেশতাদের তাসবীহ্ পাঠের শব্দ বা ধ্বনি।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلٰى

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

اَلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۙ الَّذِي سَمِعَ كَلَامَ النَّارِ وَالْجَنَّةِ تَطْلُبُ

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- সামি'আ কালা-মান্ না-রি ওয়াল্ জান্নাতি তাত্বলুবু
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি গুনতে পেয়েছেন জান্নাত ও জাহান্নামের কথা

كُلِّ وَاحِدَةٍ مِّمَّا هِيَ مِنَ الْاِنْسِ وَالْجِنِّ

কুল্ ওয়া-হিদাতিম্ মিল্ আহা- মিনাল্ ইন্সি ওয়াল্ জিন।
যখন তারা উভয়ে প্রার্থনা করছিল যেন তাদেরকে পরিপূর্ণ করে দেয়া হয় মানব ও দানব দ্বারা।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلٰى

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

اَلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۙ الَّذِي جَعَلَ اللّٰهُ كُلَّ بَيْتٍ فِيْهِ

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- জা'আলাল্লা-হ্ কুল্লা বায়তিন্ ফী- হি
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর নাম মুবারকগুলোর যে কোন

اسْمُهُ مِنَ الْأَسْمَاءِ يَرْبُوفِيهِ الرِّزْقُ وَيَنْمُو

স্মুহ্ - মিনাল্ আস্মা-ই ইয়ারব্- ফী-হির্ রিয্ক্ ওয়া ইয়ান্ম্- ।
একটি নাম কোন ঘরে থাকবে, ওই ঘরে রিয্ক্ বৃদ্ধি পেতে থাকবে এবং অধিক পরিমাণে হবে ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الْمَعْنَى بِقَوْلِهِ عَزَّوَجَلَّ إِظْهَارًا لِقَدْرِهِ فِي الْعِبَادِ إِنَّ

মুহাম্মাদিনিল মা'নিয়্যি বিক্বাউলিহী- 'আযযা ওয়া জাল্লা ইযহা-রাল্ লিক্বাদরিহী- ফিল্ 'ইবা-দি ইন্না
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি আল্লাহ্ তা'আলার ওই বাণীর মূল উদ্দেশ্য, যা তিনি নিজ বান্দাদের নিকট স্বীয় হাবীবের সম্মান প্রকাশার্থে

الَّذِي فَرَضَ عَلَيْكَ الْقُرْآنَ لَرَأْدِكَ إِلَى مَعَادٍ

ল্লাযী- ফারাদ্বোয়া 'আলায়কাল্ ক্বোর'আ-না লারা-দ্দুকা ইলা- মা'আদ ।
ঘোষণা করেন: "যে মহান যাতে পাক আপনার উপর ক্বোরআন ফরয করেছেন, তিনি অবশ্যই আপনাকে আপনার প্রত্যাশিত স্থানে (মক্কায়) প্রত্যাবর্তন করাবেন ।"

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي عَذَّبْتُ بِرِيْقِهِ الْمِيَاهُ الْمَالِحَةَ وَنَمَتُ بِفَضْلِهِ الْأَعْمَالُ الصَّالِحَةُ

ল্লাযী- 'আযুবাত্ বিরী-ক্বিহিল্ মিয়্যা-হুল্ মা-লিহাত্তু ওয়া নামাত্ বিফাদ্বলিহিল্ আ'মা-লুস্ সোয়া-লিহাহ্ ।
যাঁর থুথু মুবারক দ্বারা, লবণাক্ত পানি সুমিষ্ট পানিতে পরিণত হয়ে যায় এবং যাঁর বরকতে সৎকর্মের প্রতিদান অনেক বৃদ্ধি পায় ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

إِنِّ الَّذِي رَدَّتْ لَهُ شَمْسُ النَّهَارِ وَخَاطَبَتْهُ الْوُحُوشُ وَالْأَطْيَارُ

ল্লাযী- রন্দ্দাত্ লাহু- শাম্‌সুন্ নাহা-রি ওয়া খা-ত্বোয়াবাত্‌হুল্‌ ভুহু-ও ওয়াল্‌ আত্‌ইয়া-র।
যাঁর সম্মানার্থে অন্তিমিত বা ডুবন্ত সূর্যকে ফিরিয়ে আনা হয়েছে এবং যাঁর সাথে কথোপকথন করেছে বনের জীব-জন্তু ও পাখীরা।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

إِنِّ الَّذِي ضَمِنَ الْغَزَالَ لِرِضَاعِ أَوْلَادِهَا فَوَفَّتْ بِعَهْدِهَا وَمِيعَادِهَا

ল্লাযী- দ্বোয়ামিনাল্‌ গাযা-লাতা লিরাদ্বোয়া-ই আওলা-দিহা- ফাওয়াফাত্‌ বি'আহ্‌দিহা- ওয়া মী-আ-দিহা।
যিনি দায়িত্বভার গ্রহণ করেছেন ওই হরিণের, যে তার বাচ্চাদের দুধ পান করিয়ে ফিরে আসার প্রতিশ্রুতি দিয়েছিল আর ঠিকই সে তার ওয়াদা ও প্রতিশ্রুতি পূরণ করল।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

إِنِّ الَّذِي مَا شَارَكَهُ أَحَدٌ فِي حُسْنِهِ وَمَا جَا وَزَقَطُ شَعْرُهُ عَنْ حُدُودِهِ

ল্লাযী- মা- শা-রাকাহু- আহাদুন্ ফী- হুস্নিহী- ওয়ামা- জা-ওয়াযা ক্বাত্ব শা'রন্‌হু- 'আন্‌ হুদু-দিহ্‌।
যাঁর সৌন্দর্যে অংশীদার হতে পারেনি কেউ এবং যাঁর চুল মুবারক কখনও অতিক্রম করেনি নিজস্ব সীমানা।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

إِنِّ الَّذِي رَدَّعَيْنَ قَتَادَةَ بَعْدَ الْعَمَى وَكَانَ يَسْمَعُ أَذَانَ جِبْرَائِيلَ فِي السَّمَاءِ

ল্লাযী- রাদ্দা 'আয়না ক্বাতা-দাতা বা'দাল্‌ 'আমা- ওয়া কা-না ইয়াস্মা'উ আযা-না জিব্বরা-ঈ-লা ফিস্‌ সামা-ই।
যিনি ফিরিয়ে দিয়েছেন হযরত ক্বাতাদার চোখ অন্ধত্বের পর এবং যিনি শুনতে পান আসমানে দেয়া জিবরাঈলের আযানের ধ্বনি।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي آمَنَتْ أُسْكُفَةُ الْبَابِ عَلَى دُعَائِهِ وَكَانَ إِذَا رَامَ

ল্লাযী- আম্মানাত্ উস্কুফাতুল বা-বি 'আলা- দু'আ-ইহী- ওয়াকা-না ইযা- রা-মাল
যাঁর দো'আর উপর আমীন বলেছে দরজার চৌকাঠগুলো এবং তিনি যখন ক্বাযায়ে হাজতের ইচ্ছা পোষণ

الْحَدِيثِ أَنْبَتِ الشَّجَرُ وَالْحَجَرُ سِتْرًا مِّنْ وَرَائِهِ

হাদাসা আন্বাতাতিশ্ শাজারু ওয়াল্ হাজারু সিত্রাম্ মিওঁ ওয়ারা-ইহী-
করতেন, তখন গাছ-পালা ও পাথরগুলো তাঁর পেছনে আড়াল হয়ে দাঁড়াত।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

أَنْجَحِ النَّاسَ رَأْيًا وَكَانَ يَرَىٰ فِي الظُّلْمَةِ كَمَا يَرَىٰ فِي الضِّيَاءِ

আনজাহিন্ না-সি রা'ইয়াওঁ ওয়া কা-না ইয়ারা- ফিয্য়ুল্ মাতি কামা- ইয়ারা- ফিদ্ দ্বিয়া-ই।
যাঁর অভিমত মানবজাতির মধ্যে সর্বাধিক ফলপ্রসূ ও গ্রহণযোগ্য এবং যিনি অন্ধকারেও ঠিক সেভাবে দেখতে পেতেন যেভাবে তিনি দিনের আলোতে দেখতে পেতেন।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۚ الَّذِي هُوَ الْأَمَانُ حَيْثُ كَانَ

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- হুয়াল্ আমা-নু হায়সু কা-না
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি যেখানে থাকেন সেখানে নিরাপত্তা বিরাজ করে

وَجَاءَ جُبْرَائِيلُ بِطَبَقٍ مِّنَ الْجَنَّةِ بِالْعِنَبِ وَالرُّمَّانِ

ওয়া জা-আ জিব্রা-ঈ-লু বিত্বোয়াবাক্বিম মিনাল্ জান্নাতি বিল্ 'ইনাবি ওয়ার্ রম্মা-ন।
এবং যাঁর নিকট জিবরাঈল নিয়ে এসেছিলেন বেহেশত থেকে আঙ্গুর ও আনারের খালা।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

الِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي أَعْطَى عُرْجُونَا لِقْتَادَةَ

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- আ'ত্বোয়া- 'উর্জু-নাল্ লিক্বাতা-দাতা
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি হযরত ক্বাতাদাহকে খেজুরের একটি শুকনো ঢাল দিলেন

فَعَادَفِي يَدِهِ سَيْفًا كَالشَّمْسِ الْوَقَادَةَ

ফা'আ-দা ফী- ইয়াদিহী- সায়ফান্ কাশ্ শাম্ সিল্ ওয়াক্বু ক্বা-দাহ।
আর তা তাঁর হাতে রূপান্তরিত হয়ে গেল প্রজ্বলিত সূর্যের ন্যায় তরবারীতে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى الِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي صَادِقُ الْقَوْلِ وَالرَّأْيِ وَكَانَ لَا يَأْكُلُ طَعَامَ الْجَنَّةِ فِي الدُّنْيَا

ল্লাযী- সোয়া-দিক্বুল্ ক্বাওলি ওয়ার্ রা'য়ি ওয়া কা-না লা-ইয়া'ক্বুলু ত্বোয়া'আ-মাল্ জান্নাতি ফিদ্ দুন্ইয়া-।
যিনি ছিলেন কথায় ও অভিমত প্রদানে পরম সত্যবাদী এবং যিনি দুনিয়াতে গ্রহণ করতেন না জান্নাতের খাদ্যদ্রব্য।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى الِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ نِ الَّذِي أَكْثَرُ النَّاسِ صَلَاةً لِقَرَابَتِهِ وَذَوِي

মুহাম্মাদিনি ল্লাযী- আক্সারন্ না-সু সিলাতাল্ লিক্বারা-বাতিহী- ওয়া যাতী-
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি নিকটাত্মীয় ও রক্তসম্পর্কীয়দের সাথে পৃথিবীর সকল মানুষের চেয়ে সর্বাধিক

أَرْحَامِهِ وَغَرَسَ النَّخْلَ بِيَدِهِ فَأَطْعَمَ مِنْ عَامِهِ

আরহা-মিহী- ওয়া গারাসান্ নাখলা বিয়াদিহী- ফাআত্ 'আমা মিন্ 'আ-মিহ্ ।
সম্পর্ক অটুট ও স্থাপনকারী এবং যিনি নিজ হাত মুবারকে একটি খেজুরের বীজ লাগালেন আর তা ওই বছরই ফল দিতে আরম্ভ করল ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম্ 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

نِ الَّذِي أَعْطَى الْعَصَا لِعُكَّاشَةَ الْقَانِعِ فَعَادَتْ فِي يَدِهِ سَيْفًا قَاطِعًا

ল্লাযী- আ'ত্বোয়াল্ 'আসোয়া- লি'উক্বা-শাতাল্ ক্বা-নি'ই ফা'আ-দাত্ ফী- ইয়াদিহী- সাযফান্ ক্বা-ত্বি'আ ।
যিনি অস্ত্রে তুষ্টি সাহাবী হযরত ওক্বাশাকে একটি লাঠি দিলে তা তাঁর হাতে শাণিত তরবারীতে রূপান্তরিত হয়ে গেল ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ نِ الَّذِي

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম্ 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী-
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

قَالَ تَقْتُلِكَ الْحُمَى لَزِيدٍ نِ الْخَيْرِ وَمَاتَ بِهِ أَبُو عَامِرٍ مَحْمُومًا غَرِيبًا

ক্বা-লা তাক্বতুলুকাল্ হুম্মা- লিয়ায়দিনিল্ খায়রি ওয়ামা-তা বিহী- আব্ব- 'আ-মিরিম্ মাহমূ-মান্ গারী-বা- ।
যিনি যায়দুল খায়রকে বলেছিলেন, জ্বর তোমাকে হত্যা করবে, আর একই রোগে আব্ব আমের আক্রান্ত হয়ে জুরাক্রান্ত ও স্বজনহীন স্থানে মারা গেল ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম্ 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

اَلِ سَيِّدِنَا مُحَمَّدٍ ۙ الَّذِي شَرِبَ الضَّرِيرُ بَوْلَهُ

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- শারিবাদ্ ছোয়ারী-র বাওলাহ্-
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর প্রস্রাব মুবারক এক অঙ্গ ব্যক্তি

وَاعْتَدَى فَلَمْ يَشْكِ الضُّرُّ بَعْدَهُ أَبَدًا

ওয়াগ্ তাদা- ফালাম্ ইয়াশ্ কিদ্ ছোয়ার্ রা বা'দাহ্- আবাদা-।
খাদ্য-পানীয় মনে করে পান করে ফেলল; ফলে ওই ব্যক্তি আর কখনও কোন প্রকার অসুস্থতা অনুভব করেনি।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَ عَلٰى اٰلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

ۙ الَّذِي أَنْهَلَ الْمُزْنَ بِدُعَائِهِ وَأَغْنَى الْعُفَاةَ بِنَوَالِهِ وَعَطَائِهِ

ল্লাযী- আনহালান্ মুযনা বিদু'আ-ইহী- ওয়া আগ্নাল্ 'উফা-তা বিনাওয়া-লিহী- ওয়া 'আত্বোয়া-ইহী-।
যাঁর দো'আর বরকতে প্রবাহিত হলো মুষলধারে বৃষ্টি এবং যিনি ভিখারীদেরকে ধনী করে দিলেন স্বীয় দান ও অনুগ্রহ দ্বারা।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَ عَلٰى اٰلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

ۙ الَّذِي كَلَّمَهُ الذَّرَاعُ وَأَشْبَعَ الْفَأَمِّنُ صَاعٍ

ল্লাযী- কাল্লামাহ্ যিরা-'উ ওয়া আশ্ বা'আ আল্ ফাম্ মিন্ সোয়া-'ইন।
যাঁর সাথে কথা বলেছে (বিষ মিশ্রিত) ছাগলের বাছ এবং যিনি এক সা' দ্বারা এক হাজার ক্ষুধার্ত ব্যক্তিকে পরিতুষ্ট করেন।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَ عَلٰى

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

اَلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي كَلَّمَهُ ظُبِيُّ الْفَلَا

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- কালামাহু- যোয়াব্‌য়ুল্ ফালা-
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর সাথে কথা বলেছে বনের হরিণ

وَ حَنَّ إِلَيْهِ الْجِدْعُ حَنِينَ الشُّكْلَى

ওয়া হান্না ইলায়হিল্ জিয্ 'উ হানী-নাস্ সাক্‌লা- ।
এবং যাঁর নিকট শুকনো খেজুর গাছ সম্ভান হারা মায়ের কান্নার ন্যায় ক্রন্দন করেছিল ।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَ عَلٰى اٰلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম্ 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

اَلَّذِي كَلَّمَتْهُ النَّاقَةُ الْمُؤْتُوْقَةُ وَاخْبَرَتْهُ اَنَّهَا غَيْرُ مَسْرُوْقَةٍ

ল্লাযী- কালামাত্‌হুন্ না-ক্বাতুল্ মাওসূ-ক্বাতু ওয়া আখ্বারাত্‌হু আন্বাহা- গায়রু মাস্‌রু-ক্বাহ্ ।
যাঁর সাথে কথোপকথন করেছিল বেঁধে রাখা উট এবং এ সংবাদও দিল যে, তাকে চুরি করা হয়নি ।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَ عَلٰى اٰلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম্ 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

اَلَّذِي لَمَّا فَدَعَتْ سَاقُ ابْنِ عُمَرَ صَاحَ يَا مُحَمَّدُ فَاَنْجَبَرَ

ল্লাযী- লাম্মা- ফাদা'আত্ সা-ক্ব ইব্নি 'উমারা সোয়া-হা ইয়া- মুহাম্মাদু ফান্‌জাবারা ।
যখন হযরত আবদুল্লাহ্ ইবনে ওমরের পা অবশ হয়ে গেল, তখন তিনি 'হে হযরত মুহাম্মদ মোস্তফা' বলে আহ্বান করলে তা সাথে সাথে সুস্থ হয়ে যায় ।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَ عَلٰى اٰلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম্ 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي لَمَّا شَرِبَ ابْنُ الزُّبَيْرِ بَوْلَهُ

মুহাম্মাদিনি ল্‌যী- লাম্মা- শারিবা ইব্‌নু য়্‌ যুবায়রি বাওলাহ্‌-
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর প্রশাব মুবারক হযরত আবদুল্লাহ্‌ ইবনে যুবাইর পান করে ফেললেন

وَاحْتَفَلَ وَجَدَهُ أَطِيبَ مِنَ الْمِسْكِ وَأَحْلَى مِنَ الْعَسَلِ

ওয়হতাফালা ওয়াজাদাহ্‌- আত্‌ইয়াবা মিনাল্‌ মিস্কি ওয়া আহলা- মিনাল্‌ 'আসাল্‌।
এবং তা নিজ পেটে জমা করে নিলেন, ফলে তিনি অনুভব করলেন যেন তা ছিল মেশকের চেয়েও অধিক সুগন্ধময় এবং মধুর চেয়েও অধিক মিষ্ট।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ্‌! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

إِل سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي خَتَمَ اللَّهُ قَلْبَهُ

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্‌যী- খাতামাল্লা-হ্‌ ক্বাল্‌ বাহ্‌-
আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর ক্বলব মুবারককে সুশোভিত করেছেন মহান আল্লাহ্‌ নূরের

بِخَاتَمٍ مِّنْ نُورٍ وَصَمَّتْهُ الْمَلَائِكَةُ إِلَى النَّحُورِ وَالصُّدُورِ

বিখা-তামিম্‌ মিন্‌ নূ-রিওঁ ওয়া সোয়াম্মাত্‌হল্‌ মালা-ইকাতু ইলান্‌ নূ-হুরি ওয়াস্‌ সুদূ-র।
মোহর ও নকশা অঙ্কনের মাধ্যমে এবং ফেরেশতাগণ একে আরও বিস্তৃত করে তাঁর বক্ষ ও গলা মুবারক পর্যন্ত প্রসারিত করে দিলেন।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى إِبْنِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্‌! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي عَلِمَ أَلْسِنَةُ الْعَرَبِ وَيَمْلِكُ نَفْسَهُ عِنْدَ الْغَضَبِ

ল্‌যী- 'আলিমা আল্‌সিনাতাল্‌ 'আরাবি ওয়া ইয়াম্‌লিকু নাফ্‌সাহ্‌- 'ইন্দাল্‌ গাছোয়াব্‌।
যিনি জানতেন আরবে বিরাজমান সকল ভাষা এবং যিনি নিয়ন্ত্রণে রাখতেন স্বীয় আত্মাকে ক্রোধের সময়ও।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

الِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي كَانَ يُخَاطَبُ كُلَّ أُمَّةٍ

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- কা-না ইয়ুখা-ত্বিবু কুল্লা উম্মাতিম্
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি প্রত্যেক জাতিকে তাদের নিজেদের ভাষা

بِلِسَانِهَا وَكَانَ يُجَابِبُ كُلَّ أُمَّةٍ بِلُغَتِهَا وَبَيَانِهَا

বিলিসা-নিহা- ওয়া কা-না ইয়ুজা-ত্বিবু কুল্লা উম্মাতিম্ বিলুগাতিহা- ওয়া বায়া-নিহা।
দ্বারা সম্বোধন করতেন এবং যিনি প্রত্যেক জাতির প্রশ্নের উত্তরও দিতেন এবং ওয়ায-নসীহতও করতেন তাদের ভাষায়।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي سَعَتْ إِلَيْهِ عَلَى سَاقِهَا الشَّجَرُ

মুহাম্মাদিনি ল্লাযী- সা'আত্ ইলায়ই 'আলা- সা-ক্বিহাশ্ শাজার।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর নিকট দৌড়ে এসেছে বৃক্ষরাজি নিজের শিকড়ের উপর ভর করে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

الِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي اسْتَسْقَى مِنْ فَضْلِ وَضُوئِهِ

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযিস্তাস্ক্বা- মিন্ ফাছলি ওছ-ইহী-
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি স্বীয় ওয়ূর অবশিষ্ট পানি দ্বারা

مَا يَزِيدُ عَلَيَّ الْفَيْنِ وَأُعْطِيَ قُوَّةَ أَرْبَعِينَ رَجُلًا

মা- ইয়াযী-দু 'আলা- আল্ফায়নি ওয়া উ'ত্বিয়া ক্বওয়াতা আর্বা'ঈ-না রাজু-ল।
দুই সহস্রাধিক পিপাসার্ত মানুষকে পরিভৃগু করেছেন এবং যাঁকে প্রদান করা হয়েছে জান্নাতের চল্লিশজন যুবকের শক্তি।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَيَّ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

الِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي لَانَ تَحْتَ قَدَمِهِ الْحَجَرُ

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- লা-না তাহতা ক্বাদামিহিল্ হাজারুল্
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর নূরানী কদমের

الْجَلْمُودُ وَاخْضَرَ فِي يَدِهِ مَا يَيْسَ مِنَ الْعُودِ

জাল্মু-দু ওয়াখ্'দোয়ার্ রা ফী- ইয়াদিহী- মা- ইয়াবিসা মিনাল্ 'উ-দ।
নীচে কঠিন পাথর নরম তুলতুলে হয়ে যেত এবং তাঁর বরকতময় হাতে সজীব হয়ে গেল শুকনো কাঠ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَيَّ سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

الِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي لَمَسَ بِكَفِّهِ ضَرْعَ شَاةٍ أُمَّ مَعْبَدٍ

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- লামাসা বিকাফ্ফিহী- দ্বোয়ার্ 'আ শা-তি উম্মি মা'বাদিন্
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর বরকতময় হাত দ্বারা উম্মে মা'বদের

فَعَادَ ضَرْعُهَا أَحْفَلَ مَا يَكُونُ وَأَجْوَدَ

ফা'আ-দা দ্বোয়ার্ 'উহা- আহফালা মা- ইয়াক্বু-নু ওয়া আজ্ ওয়াদ।
ছাগীর স্তন স্পর্শ করলে স্তনটি দুধে ভর্তি হয়ে যায় এবং পূর্বের চেয়ে আরও অধিক দুধভর্তি ও উন্নতমানের হয়ে গেলো।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي بَهَاءَ الصُّدُورِ وَالْمَجَالِسِ وَاخْضَرَّتْ تَحْتِ جَبِينِهِ الْهَشِيمُ الْيَابِسُ

ল্লাযী- বাহা-উস সুদু-রি ওয়াল্ মাজা-লিসি ওয়াখ্‌দ্বোয়াররা তাহতা জাবী-নিহিল্ হাশী-মুল্ ইয়া-বিস।
যিনি হলেন শোভা হৃদয় ও মজলিসসমূহের এবং যাঁর ললাট মুবারকের নিচের (সাজদার স্থান) শুকনো ঘাসগুলো সবুজ ও সতেজ হয়ে যায়।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي رَوَى الْفَاؤَ وَنِصْفَ أَلْفِ

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- রাওয়্যা- আল্‌ফাওঁ ওয়া নিস্‌ফা আল্‌ফিম্
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি পরিতৃপ্ত করেছেন দেড় হাজার

مِنْ سَمَلٍ وَرَوَى الرَّكْبَ بَعْدَ النَّهْلِ بِالْعَلَلِ

মিন্ সামালিওঁ ওয়া রাওয়্যার্ রাক্বা বা'দান্ নাহলি বিল্ 'আলাল।
মানুষকে সামান্য পানি দ্বারা এবং অনুরূপ আগন্তকের একটি বড় দলকেও পরিতৃপ্ত করেছেন সামান্য এ পানি দ্বারা।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ

مُحَمَّدٍ الَّذِي خَاطَبَهُ الْبَعِيرُ وَكَلَّمَهُ الذِّئْبُ وَالْعَيْرُ

মুহাম্মাদিনি ল্লাযী- খা-ত্বোয়াবাহ্ল্ বা'ঈ-রু ওয়া কাল্‌মাহ্‌য্ যি'বু ওয়াল্ 'ঈ-র।
মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁকে সম্বোধন করে আহ্বান করেছিল উট এবং যাঁর সাথে কথা বলেছে বাঘ এবং উটও।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের

نَالَّذِي طَرَأَ عَرْشِ الرَّحْمَنِ بِلَا مِثْرَاءٍ وَتَحَرَّكَ بِهِ جَبَلٌ حَرًّا

ল্লাযী- ত্বিরা-যু 'আর্শির্ রাহ্মা-নি বিলাম্ভিরা-ইন্ ওয়া তাহাররাকা বিহী- জাবালু হেরা-।
প্রতি, যিনি হলেন নিঃসন্দেহে আল্লাহ্ তা'আলার মহান আরশের সৌন্দর্যের কারুকার্য এবং যাঁর আগমনের খুশীতে হেরা পর্বত দোলা দিয়েছিল।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ نَالَّذِي شَرِبَ ابْنُ سِنَانَ دَمَهُ يَوْمَ أُحُدٍ

মুহাম্মাদিনি ল্লাযী- শারিবা ইব্নু সিনা-নিন দামাহু- ইয়াউমা উহ্দিন্
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর রক্ত মোবারক উহ্দের যুদ্ধে ইবনে সিনান নামক জনৈক সাহাবী পান করে ফেলেন; ফলে

لَمْ تَعُدْ عَلَيْهِ ضَرَارَتُهُ بَعْدَ ذَلِكَ وَلَمْ تَعُدْ

লাম তা'দু 'আলায়হি ছোয়ারা-রাতুহু- বা'দা যা-লিকা ওয়া লাম তা'উদ।
তিনি এরপর এ রক্ত মোবারকের বরকতে আর কখনও অসুস্থ হননি এবং কোন প্রকার রোগ তাঁকে স্পর্শ করতেও পারেনি।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ نَالَّذِي كَلَّمَتْهُ الْحُمَى

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- কাল্লামাত্ হুন্ হুম্মা-
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর সাথে জ্বর কথা বলেছে

وَرَأَاهَا وَأَجَابَتْهُ لَمَّا أَمَرَهَا وَنَهَاَهَا

ওয়া রাআ-হা ওয়া আজা-বাত্‌হ লাম্মা- আমা রাহা- ওয়া নাহা-হা- ।
এবং তিনি সেটাকে দেখতেও পেয়েছেন আর জ্বর তাঁর ডাকে সাড়া দিয়েছে যখন সেটাকে নির্দেশ দিয়েছেন অথবা নিষেধ করেছেন ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

الِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي أَخْبَرْتَهُ فَرَسُ النُّعْمَانِ

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- আখ্বারাত্‌হ ফারাসুন নু'মা-নিল্
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর সম্পর্কে নো'মানের

الْبَلَقَاءَ مَنْ أَمِنَ بِهِ لَا يَضِلُّ وَلَا يَشْقَى

বালাক্বা- আনুা মান্ আ-মানা বিহী- লা- ইয়াদ্বিলু ওয়ালা- ইয়াশ্‌ক্বা- ।
'বলাক্বা' নামক ঘোড়াটি এ মর্মে সাক্ষ্য দিয়েছিল যে, যে ব্যক্তি তাঁর প্রতি ঈমান আনবে সে কখনও পথভ্রষ্ট হবে না এবং হতভাগাও হবে না ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي دَلَّ الذُّبُّ عَلَيْهِ الرَّاعِيَّ وَحَرَكَهُ لِلْقُدُومِ عَلَيْهِ مِنْ مَكَّةَ

ল্লাযী- দাল্লায্ যি'বু 'আলায়হির্ রা-'ইয়া ওয়াহাররাকাহ্ লিল্ কুদু-মি 'আলায়হি মিম্ মাক্বাহ্ ।
যাঁর সম্পর্কে সংবাদ দিয়েছিল বাঘ রাখালকে এবং তাকে উৎসাহিত করেছিল মক্বা মুকাররমায় তাঁর খেদমতে উপস্থিত হতে ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

إِنِّ الَّذِي بَعَثَ اللَّهُ إِلَيْهِ الْأَسَدَ بِالسَّلَامِ مَعَ سَفِينَةِ الْهُمَامِ

লুয়াযী- বা'আসাল্লা-হ ইলায়হিল আসাদা বিসসালা-মি মা'আ সাফী-নাতিল্ হুমা-ম।
আল্লাহ্ তা'আলা যাঁর নিকট সালাম প্রেরণ করেছেন বাঘ মারফত যখন সেটা হযরত সফীনার সাথে ছিল।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ إِنِّ الَّذِي كَلَّمَهُ أَبُو الْكِلَابِ شَرُّهُ وَأَخْبَرَهُ أَنَّهُ

মুহাম্মাদিনি লুয়াযী- কাল্লামাহু- আবুল্ কিলা-বি শার্ শারু- আখ্বারাহু- আন্বাহু-
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর সাথে কথা বলেছিল হিত্শে পশুদের রাজা 'শারশার' এবং তাঁকে এ মর্মে সংবাদ

لَيْنَهُشْ فِي النَّاسِ مَنْ سَبَّ أَبَا بَكْرٍ وَعُمَرَ

লায়ান্ হাশু ফিন্ না-সি মান্ সাববা আবা- বাক্ রিওঁ ওয়া 'ওমার।
দিল যে, ওই সকল লোকদেরকে সে ভক্ষণ করবে যারা হযরত আবু বকর ও হযরত ওমরকে গালি দেবে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

إِنِّ الَّذِي كَلَّمَهُ الْعَظْمُ الرَّمِيمُ فَجَاوَبَهُ بِأَذْنِ السَّمِيعِ الْعَلِيمِ

লুয়াযী- কাল্লামাহুল্ 'আয্মুর্ রামী-মু ফাজা-ওয়াবাহু- বিইয়্বিনিস্ শামী-'ইল্ 'আলী-ম।
যাঁর সাথে কথা বলেছিল পুরাতন জীর্ণ হাড়গুলো এবং সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা মহান আল্লাহর প্রদত্ত ক্ষমতা বলে এগুলো তাঁর প্রশ্নগুলোর জবাবও দিয়েছিল।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুমা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

نَالَّذِي كَلَّمَهُ الْمَيِّتُ بِلِسَانِهِ وَأَحْيَى بَعْدَ مَا أُدْرِجَ فِي أَكْفَانِهِ

ল্লাযী- কালামাহল্ মায়িতু বিলিসা-নিহী- ওয়া আহয়া- বা'দা মা- উদ্‌রিজা ফী- আক্‌ফা-নিহী।
যাঁর সাথে কথা বলেছে মৃত ব্যক্তি নিজ রসনায় এবং যিনি জীবিত করেছেন মৃত ব্যক্তিকে যখন তাকে কাফনে জড়ানো হয়েছিলো।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

نَالَّذِي أُوتِيَ بِغُلَامٍ أَبُكُمْ فَكَلَّمَهُ مِنْ حِينِهِ فَتَكَلَّمَ

ল্লাযী- উ-তিয়া বিগুলা-মিন্ আব্‌কামা ফাকাললামাহ্- মিন্ হী-নিহী- ফাতাকাললাম।
যাঁর নিকট একটি বোবা শিশুকে আনা হলে শিশুটি সাথে সাথে কথা বলতে আরম্ভ করল এবং তঁার সাথেও কথা বলল।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

نَالَّذِي حَيَّاهُ حُورُ الْجِنَانِ وَالْوَالِدَانُ وَكَلَّمَهُ الثُّعْبَانُ

ল্লাযী- হাইয়্যা-হু হু-রন্‌ জিনা-নি ওয়াল্‌ ভিল্দা-নু ওয়া কাললামাহ্‌ সু'বা-ন।
যাঁকে অভিনন্দন জানিয়েছে বেহেশতের হুর ও গেলমান এবং তঁার সাথে কথা বলেছে অজগর সাপ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্কা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্কা

مُحَمَّدٍ نَالَّذِي رَأَتْهُ حَلِيمَةً وَهُوَ غُلَامٌ

মুহাম্মাদিনি ল্লাযী- রাআত্‌ হু হালী-মাতু ওয়া হুয়া গুলা-ম।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁকে হালিমা শিশু অবস্থায় দেখেছিলেন।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

الِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي رَأَتْهُ خَدِيجَةُ

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্‌যাযী- রাআত্‌হু খাদী-জাতু
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাকে হযরত খাদিজা তখন দেখেছিলেন,

حِينَ قَدِمَ مَعَ الْعَيْرِ وَالْمَلِكَانَ يُظَلِّلَانِهِ مِنْ حَرِّ الْهَجِيرِ

হী-না ক্বাদিমা মা'আল্ 'ঈ-রি ওয়াল্ মালাকা-নি ইয়ুযোয়াল্লিলা-নিহী- মিন্ হাররিল্ হাজী-র।
যখন তিনি বণিক দলের সাথে মক্কায় ফিরে আসছিলেন এবং দেখতে পেলেন যে, দু'জন ফেরেশতা তাঁকে দ্বিধহরের তীব্র তাপ থেকে রক্ষা করার জন্য ছায়া দিচ্ছিল।

اللَّهُمَّ إِنَّا نَسْأَلُكَ خَيْرَ الْمَسْئَلَةِ وَخَيْرَ الدُّعَاءِ وَخَيْرَ النَّجَاحِ

আল্লা-হুম্মা ইন্না- নাস্'আলুক্‌ খায়রাল্ মাস্'আলাতি ওয়া খায়রাদ্ দ্বো'আ-ই ওয়া খায়রান্ নাজা-হি
হে আল্লাহ্! আমরা তোমার নিকট প্রার্থনা করছি- সর্বোত্তম প্রার্থনা, সর্বোত্তম দো'আ, সর্বোত্তম সফলতা,

وَخَيْرَ الْعَمَلِ وَخَيْرِ الثَّوَابِ وَخَيْرِ الْحَيَاةِ وَخَيْرِ الْمَمَاتِ

ওয়া খায়রাল্ 'আমালি ওয়া খায়রাস্ সাওয়া-বি ওয়া খায়রাল্ হায়া-তি ওয়া ওয়া খায়রাল্ মামা-তি
সর্বোত্তম আমল, সর্বোত্তম প্রতিদান, সর্বোত্তম জীবন এবং সর্বোৎকৃষ্ট মৃত্যু।

وَتَبَّتْ نِيٌّ وَثَقُلُ مَوَازِينِي وَحَقَّقُ إِيمَانِي وَارْفَعُ دَرَجَتِي

ওয়া সাবিবতনী- ওয়া সাক্বক্বিল্ মাওয়া-যা-নী- ওয়া হাক্বক্বিক্ব ঈ-মা-নী- ওয়ারফা' দারাজাতী-
আর তুমি আমাকে অটল রাখ, ভারী করে দাও আমার পুণ্যের পাল্লা, দৃঢ় করে দাও আমার ঈমানকে, উন্নীত করে দাও আমার পদ মর্যাদাকে,

وَتَقَبَّلْ صَلَاتِي وَاعْفِرْ خَطِيئَتِي وَأَسْأَلُكَ الدَّرَجَاتِ الْعُلَى مِنَ الْجَنَّةِ

ওয়া তাব্বাবাল্ সোয়ালা-তী- ওয়াগ্‌ফির্ খাত্বী-আতী- ওয়া আস্'আলুকাদ্ দারাজা-তিল্ 'উলা- মিনাল্ জান্নাতি
কবুল করে নাও আমার নামাযকে এবং ক্ষমা করে দাও আমার সকল পাপকে আর আমি তোমার নিকট প্রার্থনা করছি জান্নাতে সর্বোচ্চ স্থান,

اٰمِيْنَ وَاَسْئَلُكَ فَوَاتِحَ الْخَيْرِ وَخَوَاتِمَهُ وَجَوَامِعَهُ وَكَوَامِلَهُ

আ-মী-না ওয়া আস্আলুকা ফাওয়া-তিহাল্ খায়রি ওয়া খাওয়া-তিমাহূ- ওয়া জাওয়া- মি'আহূ- ওয়া কাওয়া-মিলাহূ-
আ-মী-ন। অনুরূপ, আমি তোমার নিকট প্রার্থনা করছি কল্যাণের শুভ সূচনা, শুভ সমাপ্তি, কল্যাণের ব্যাপকতা, পূর্ণতা,

وَأَوَّلَهُ وَآخِرَهُ وَظَاهِرَهُ وَبَاطِنَهُ وَالذَّرَجَاتِ الْعُلَى مِنَ الْجَنَّةِ اٰمِيْنَ ۙ

ওয়া আউয়্যালাহূ- ওয়া আ-খিরাহূ- ওয়া যোয়া-হিরাহূ- ওয়া বা-ত্বিনাহূ- ওয়াদ্রাজা-তিল্ 'উলা- মিনাল্ জান্নাতি আ-মী-ন।
প্রথম, শেষ, যাহির ও বাতিন এবং জান্নাতে উচ্চস্থান। আ-মী-ন।

وَاَنْظِمْنَا بِسَلِّكَ خَيْرِ الْبَرِيَّةِ مُحَمَّدٍ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ

ওয়ান্‌যিম্না- বিসিল্কি খায়রিল্ বারিয়্যাতি মুহাম্মাদিন্ সাল্লাল্লা-হু 'আলায়হি ওয়াসাল্লাম।
আর আমাদেরকে গেঁথে নাও সৃষ্টির সর্বোত্তম নবী ও রাসূল হযরত মুহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লামের সূতায়।

اَللّٰهُمَّ اَدْرِ كُنَّا بِرَحْمَتِكَ وَفَرِّجْ عَنَّا مَا نَحْنُ فِيْهِ

আল্লা-হুম্মা আদ্রিকনা- বিরাহ্‌মাতিকা ওয়া ফাররিজ্ 'আল্লা- মা- নাহ্নু ফী-হি
হে আল্লাহ! আমাদেরকে সাহায্য কর তোমার বিশেষ রহমত দ্বারা এবং আমাদের থেকে দূরীভূত করে দাও ওই সকল মুসীবত,

يَا مُفَرِّجَ كُرُوبِ الْخَلَائِقِ اَجْمَعِيْنَ ۙ وَنَجِّنَا مِنَ الْهَمِّ وَالْغَمِّ

ইয়া- মুফাররিজা কুরূ-বিল্ খালা-ইক্বি আজ্‌মা'ঈ-ন। ওয়া নাজ্জিনা- মিনাল্ হাম্মি ওয়াল্ গাম্মি
যাতে আমরা নিপতিত, হে সৃষ্টির সকলের মুসীবত দূরীভূতকারী। আর আমাদেরকে মুক্তি দাও চিন্তা ও পেরেশানী থেকে,

يَا مُنْجِيَ الْمُؤْمِنِيْنَ وَارْحَمْنَا بِرَحْمَتِكَ يَا رَبَّ الْعَالَمِيْنَ ۙ

ইয়া- মুন্জিয়াল্ মু'মিনী-না ওয়ার্ হাম্না- বিরাহ্‌মাতিকা ইয়া রাব্বাল্ 'আ-লামী-ন।
হে ঈমানদারদের মুক্তিদাতা! অনুরূপ আমাদের প্রতি করুণা কর তোমার বিশেষ রহমত দ্বারা, হে বিশ্বজাহানের প্রতিপালক!

اَللّٰهُمَّ مَكِّنِيْ مِنَ التَّفَرُّجِ فِيْ سَعَةِ مُلْكِكَ وَمَلَكَوَتِكَ

আল্লা-হুম্মা মাক্কিনী- মিনাত্ তাফাররগ্‌জি ফী- সি'আতি মুল্কিকা ওয়া মালাকূ-তিকা
হে আল্লাহ! আমাকে শক্তি দাও তোমার যাহেরী ও বাতেনী রাজ্যে বিচরণের এবং আমাকে মালিক বানিয়ে দাও

وَمَلِّكْنِي بِقَدِيمِ مُلْكِكَ وَنَاصِيَةِ كُلِّ ذِي رُوحٍ نَاصِيَتَهُ بِيَدِكَ

ওয়া মাল্লিকনী- বিক্বাদী-মি মুল্কিকা ওয়া না-সিয়া-তি কুল্লি যী- রু-হিন্ না-সিয়াতুহু- বিইয়াদিকা
তোমার অনাদি মালিকানা দ্বারা প্রত্যেক জীবের অলকগুচ্ছের, যাদের প্রকৃত অলকগুচ্ছ তোমারই কুদরতের হাতে।

وَنَجِّنِي مِنْ مُلْحِقَاتِ سَخَطِكَ وَمُوجِبَاتِ غَضَبِكَ وَتُعِيدُنَا

ওয়া নাঞ্জিনী- মিম্ মুলহিক্বা-তি সাখাত্বিকা ওয়া মু-জিবা-তি গাদোয়াবিকা ওয়া তু-ঈ-যুনা-
আমাকে মুক্তি দাও তোমার অসন্তুষ্টির কারণসমূহ থেকে এবং তোমার ক্রোধের কারণসমূহ থেকে, আর তুমি আমাদেরকে আশ্রয় দেবে

مِنَ الْفِرْعِ الْأَكْبَرِ وَتُبَعِّدْ بَيْنَنَا وَبَيْنَ مَعَاصِيكَ

মিনাল্ ফায়া'ইল্ আক্বারি ওয়া তুবা'ইদ্ব বায়নানা- ওয়া বায়না মা'আ-সী-কা
ক্বিয়ামতের মহাভীতি থেকে এবং দূরত্ব সৃষ্টি করে দাও আমাদের ও তোমার অবাধ্যতার মধ্যে।

وَأَنْ تَدَارِكَنِي بِحَفِيٍّ لَطْفِكَ الْحَفِيٍّ وَالْحَفِيٍّ وَأَنْ تُسَخِّرَ لِي

ওয়া আন্ তুদা-রি কানী- বিহাফ্ফিয়ি লুত্বফিকাল্ হাফিয়িল্ হাফিয়ি ওয়া আন্ তুসাখ্বিরালী-
অনুরূপ আমাকে বেষ্টিন কর তোমার বিশেষ সুস্বভিতসুস্ব অনুগ্রহের পরশ দ্বারা। আর নিয়ন্ত্রণাধীন ও

وَتُمَكِّنَنِي مِنْ كُلِّ مَا أُرِيدُهُ كَمَا أَنْتَ تُرِيدُ أَنْكَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ

ওয়া তুমাক্বিনানী- মিন্ কুল্লি মা- উরী-দুহু- কামা- আন্তা তুরী-দু ইন্নাকা 'আলা- 'আলা- কুল্লি শায়ইন্ ক্বাদী-কন্
মালিকানাধীন করে দাও আমার ইচ্ছাকে তোমার ইচ্ছা ও চাহিদার অনুকূলে। নিশ্চয় তুমি সর্বশক্তিমান।

فَإِنَّكَ أَنْتَ الْغَنِيُّ الْحَمِيدُ الْوَلِيُّ الْمَجِيدُ الْبَاعِثُ الشَّهِيدُ

ফাইন্নাকা আন্তাল্ গানিয়ুল্ হামী-দুল্ ওয়ালিয়ুল্ মাজী-দুল্ বা-ইসুশ্ শাহী-দুল্
কেননা তুমিই হলে একমাত্র অমুখাপেক্ষী, সর্বাধিক প্রশংসিত, তত্ত্বাবধায়ক, গৌরবময়, পুনরুত্থানকারী, সাক্ষী,

الْمُبْدِيُّ الْمَعِيدُ الْفَعَالُ لِمَا تُرِيدُ يَا بَارِيَّ يَا مَعْبُودُ يَا مَقْصُودُ

মুবিউল্ মু'ঈ-দুল্ ফা'আ-লু লিমা- তুরী-দু ইয়া- বা-রি'উ ইয়া- মা'বু-দু ইয়া- মাক্বুসু-দু
হে স্রষ্টা, প্রত্যাবর্তনকারী এবং একমাত্র তুমি যা চাও তা করতে পার, হে স্রষ্টা! হে মা'বুদ, হে লক্ষ্য,

يَا مُوجُودُ يَا حَقُّ يَا قَوِيُّ يَا مَنْ عَلَيْهِ الْعَسِيرُ يَسِيرُ

ইয়া- মাওজু-দু ইয়া- হাক্কু ইয়া- ক্বাভিয়্য ইয়া- মান্ 'আলায়হিল্ 'আসী-রু ইয়াসী-রু
হে সদা বিদ্যমান, হে চিরন্তন সত্য, হে সর্বশক্তিমান। হে ওই মহান, যাঁর নিকট সকল কঠিন বিষয় অতি সহজ,

يَا مَنْ بِيَدِهِ الْخَيْرُ وَالْيَهُ الْمَصِيرُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ هُ

ইয়া- মান্ বিয়া-দিহিল্ খায়রু ওয়া ইলায়হিল্ মাসী-রু ওয়া ছয়া 'আলা- কুল্লি শায়ইন্ ক্বাদী-র।
হে ওই মহান যাঁর ক্বদরতের হাতে সকল কল্যাণ এবং যাঁর নিকট সকলের প্রত্যাবর্তন ও যিনি সর্বশক্তিমান।

وَأَسْأَلُكَ أَنْ تُسَخِّرَ لِي كُلَّ شَيْءٍ يَّأ وَهَّابُ يَا وَهَّابُ

ওয়া আস'আলুকা আন্ তুসাখ্খিরালী- কুল্লা শায়ইন্। ওয়া আস'আলুকা আন্ তুসাখ্খিরালী- কুল্লা শায়ইন্ ইয়া- ওয়াহ্হা-বু ইয়া- ওয়াহ্হা-বু
আর আমি তোমার নিকট প্রার্থনা করছি তুমি যেন আমার নিয়ন্ত্রণাধীন করে দাও সকল কিছুকে, হে সর্বাধিক দাতা,

يَا وَهَّابُ يَا رَبَّ كُلِّ شَيْءٍ أَنْتَ الْقَادِرُ عَلَى كُلِّ شَيْءٍ

ইয়া- ওয়াহ্হা-বু ইয়া- রাব্বা কুল্লি শায়ইন্ আন্তাল্ ক্বা-দিরু 'আলা- কুল্লি শায়ইন্
হে সর্বাধিক দাতা! হে প্রত্যেক কিছুর রব! তুমি সকল কিছুর উপর একমাত্র সর্বশক্তিমান, হে সর্বাধিক দাতা!

إِعْصِمْنِي مِنْ شُرُورِ أَنْفُسِنَا وَمِنْ شَرِّ كُلِّ شَيْءٍ

ই'সিম্নী- মিন্ শুরুরি-রি আন্ফুসিনা- ওয়া মিন্ শাররি কুল্লি শায়ইন্
আমাকে নিরাপদ রাখ আমাদের নাফসের অনিষ্টসমূহ থেকে এবং সকল কিছুর অনিষ্ট ও মন্দ থেকে।

أَسْأَلُكَ أَنْ تَفْضِلَ عَلَيَّ بِفَضْلِكَ الْعَمِيمِ وَجُودِكَ

আস'আলুকা আন্ তুফাদ্খিলা 'আলাইয়্যা বিফাদ্খিকাল্ 'আমী-মি জু-দিকাল্
আমি তোমার নিকট প্রার্থনা করছি, তুমি যেন আমার প্রতি অনুগ্রহ কর তোমার ব্যাপক অনুগ্রহ এবং তোমার অনুগ্রহশীল বদান্যতা দ্বারা,

الْكَرِيمِ يَا كَرِيمُ يَا حَلِيمُ يَا عَظِيمُ يَا عَلِيمُ أَسْأَلُكَ

কারী-মি ইয়া- কারী-মু ইয়া- হালী-মু ইয়া- 'আযী-মু ইয়া- 'আলী-মু আস'আলুকা
হে পরম অনুগ্রহশীল, হে পরম সহনশীল, হে সুমহান, হে মহাজ্ঞানী, আর আমি তোমার নিকট প্রার্থনা করছি

يَا اللَّهُ يَا اللَّهُ يَا اللَّهَ أَنْ تَرْزُقَنَا رِزْقًا حَلَالًا مُبَارَكًا طَيِّبًا

ইয়া- আল্লা-হু ইয়া- আল্লা-হু ইয়া- আল্লা-হু আন্ তারযুক্বানা- রিয়ক্বান্ হালা-লাম্ মুবা-রাকান্ ভূয়্যিবাওঁ
হে আল্লাহ্! হে আল্লাহ্! হে আল্লাহ্! তুমি যেন আমাকে দান কর হালাল, বরকতময় ও পবিত্র রিয়ক্ব,

وَأَنْ تُهْدِبَ أَخْلَاقَنَا يَا ذَا الْجُودِ وَالْإِحْسَانِ يَا ذَا الْفَضْلِ وَالْإِمْتِنَانِ

ওয়া আন্ তুহায্য়িবা আখ্লা-ক্বানা- ইয়া- যাল্ জু-দি ওয়াল্ ইহসা-নি ইয়া- যাল্ ফাছলি ওয়াল্ ইমতিনা-নি
আর তুমি যেন সংশোধন করে দাও আমাদের চরিত্র, হে পরম বদান্যতা ও অনুগ্রহের মালিক! হে পরম নিমাতদাতা, ইহসানের মালিক!

يَا سُلْطَانَ يَا دَيَّانَ وَأَنْ تَبْسُطَ لَنَا مِنْ عِنَايَتِكَ

ইয়া- সুল্ত্বায়া-নু ইয়া- দাইয়া-নু ওয়া আন্ তাব্সুত্বা লানা- মিন্ 'ইনা-ইয়াতিকা
হে রাজাধিরাজ! হে যথোপযুক্ত প্রতিদানদাতা! আর আমাদের জন্য প্রসারিত করে দাও তোমার বিশেষ অনুগ্রহরাজির ওই চাদর,

مَا تَجُودُ عَلَيْنَا حَتَّى تَتَقَلَّبَ إِلَيْكَ قُلُوبُنَا فِي

মা- তাজ্-দু 'আলায়না- হাত্তা- তাতাক্বাল্লাবা ইলায়কা কুলু-বুনা- ফী-
যা দ্বারা তুমি আমাদের প্রতি দান করতে, যাতে পরিবর্তিত ও ধাবিত হয়ে যায় আমাদের হৃদয়গুলো তোমার দিকে

بِحُرِّ طَاعَتِكَ وَأَبْصَارُنَا وَبَصَائِرُنَا مُنَوَّرَةً بِهَدَايَتِكَ

বাহরি ত্বায়া-আতিকা ওয়া আব্সোয়া-রুনা- ওয়া বাসোয়া-ইরুনা- মুনাওয়্যারাতাম্ বিহিদা-ইয়াতিকা
তোমার আনুগত্যের সমুদ্রে আর আমাদের চক্ষুসমূহ ও অন্তরদৃষ্টিগুলো যেন আলোকিত হয় তোমার হিদায়ত দ্বারা,

يَا رَبَّ الْعَالَمِينَ هُوَ وَأَسْأَلُكَ أَنْ تَحَقِّقَنَا أَرْوَاحَنَا

ইয়া- রাব্বাল্ 'আ-লামী-ন। ওয়া আস্আলুকা আন্ তুহাক্বিক্বানা- আর ওয়া-হানা-
হে বিশ্বজাহানের প্রতিপালক। আমি তোমার নিকট আরও প্রার্থনা করছি যে, তুমি যেন প্রতিষ্ঠিত করে দাও

بِحَقَائِقِ الْعِرْفَانِ وَتُؤَجِّنَا بِتَيْجَانِ الْقَبُولِ

বিহাক্বা-ইক্বিল্ 'ইর্ ফা-নি ওয়া তু তাভ্ ভিজানা- বিতী-জা-নিল্ ক্বাব্-লি
আমাদের রূহগুলোকে মারিফাতের হাকীক্বত দ্বারা এবং আমাদেরকে যেন পরিধান করাও গ্রহণযোগ্যতা,

وَالْإِكْرَامِ وَالْإِمْتِنَانِ يَا رَبَّ الْعَالَمِينَ هُوَ أَمِينٌ أَمِينٌ

ওয়াল্ ইক্‌রা-মি ওয়াল্ ইম্‌তিনা-নি ইয়া- রাব্বাল্ 'আলা-মী-ন। আ-মী-ন আ-মী-ন।
সম্মান ও অনুগ্রহের মুকুট হে বিশ্বজাহানের প্রতিপালক! আ-মী-ন। আ-মী-ন।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

أَلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي سَجَدَ لَهُ الْبَعِيرُ الْحَقُودُ

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- সাজাদা লাহুল্ বা'ঈ-রংল হাক্বু-দু
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর সম্মানার্থে শির নত করে দিয়েছে ক্রোধান্বিত উট

وَرَأَى الْجَنَّةَ وَتَنَاوَلَ مِنْهَا الْعِنُقُودَ

ওয়া রাআল্ জান্নাতা ওয়া তানা-ওয়াল্লা মিন্‌হাল্ 'আন্‌ক্বু-দ।
এবং যিনি সচক্ষে জান্নাত দেখেছেন ও তা থেকে একগুচ্ছ আঙ্গুরও হাত মুবারকের নাগালে পেয়েছেন।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

أَلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي صَعَدَ كَفِّهِ حِينَ كَفَّ

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- সোয়া'আদা কাফ্‌ফায়হি হী-না কুফ্‌ফাস্
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি অনাবৃষ্টির সময় উভয় হাত উপরের দিকে

السَّحَابِ فَمَا صَوَّبَهُمَا حَتَّى جَاشَ كُلُّ مِيزَابٍ

সাহা-বু ফামা- সাওয়াবাহুমা- হাত্তা- জা-শা কুল্লু মী-যা-ব।
উঠাতেই আব্বোর ধারায় বৃষ্টি শুরু হয়ে গেল আর তাঁর হাত মুবারক নামানোর পূর্বেই প্রতিটি নালা-নর্দমায় পানি প্রবাহিত হতে শুরু করল।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ্! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

الِ سَيِّدِنَا مُحَمَّدٍ فِي الْمَعْنِيِّ بِقَوْلِ صِدْقِ الْقَائِلِينَ

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনিল্ মা'নিয়্যি বিক্বাওলি সিদ্কিল্ ক্বা-ইলী-না
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি সর্বাধিক সত্যবাদীর

قُلْ إِنِّي هَدَانِي رَبِّي إِلَى صِرَاطٍ مُسْتَقِيمٍ ۝ دِينًا قِيمًا

ক্বুল্ ইন্নানী- হাদা-নী- রাব্বী- ইলা- সিরাত্-তুম্ মুস্তাক্বী-ম। দী-নান্ ক্বাইয়্যিমাম্
এ বাণীর মূল উদ্দেশ্য- 'আপনি বলুন, নিশ্চয় আমার রব আমাকে সঠিক পথে পরিচালিত করেছেন, যা হলো সহজ ও মজবুত

مِلَّةَ إِبْرَاهِيمَ حَنِيفًا وَمَا كَانَ مِنَ الْمُشْرِكِينَ

মিল্লাতা ইব্রাহী-মা হানী-ফাওঁ ওয়ামা- কা-না মিনাল্ মুশ্ৰিকী-ন।
ধীন তথা মিল্লাতে ইব্রাহীমের প্রতি, যিনি ছিলেন সঠিক পথের অনুসারী এবং তিনি মুশরিকদের অন্তর্ভুক্ত ছিলেন না।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي دَعَا لَأَنْسٍ بِكَثْرَةِ الْمَالِ وَالْوَلَدِ فَدَفَنَ مَائَةً

মুহাম্মাদিনি ল্লাযী- দা'আ- লিআনাসিন্ বিকাস্‌রাতিল্ মা-লি ওয়াল্‌ওয়ালাদি ফাদাফানা মিআতাওঁ
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি হযরত আনাসের জন্য অধিক সম্পদ ও সন্তানের দো'আ করেন ফলে তাঁর স্বীয় ঐরশজাত একশত

وَعِشْرِينَ لَصُلْبِهِ وَكَانَتْ تَرْكُتُهُ لَا تُحْصَى وَلَا تُعَدُّ

ওয়া 'ইশ্‌রী-না লিসুল্‌বিহী- ওয়া কা-নাৎ তারিকাতুহু- লা- তুহসোয়া- ওয়াল্লা- তু'আদ্।
বিশটি সন্তানকে দাফন করেন, আর তাঁর এত অধিক পরিত্যক্ত সম্পত্তি ছিল যে, যার সুনির্দিষ্ট কোন পরিসংখ্যান ও গণনা ছিল না।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ نِ الذِّي دَعَا لِابْنِ عَوْفٍ بِالْمَالِ وَالْغِنَى

মুহাম্মাদিনি ল্লাম্বী- দা'আ- লিইব্নি 'আউফিন্ বিল্-মা-লি ওয়াল্-গেনা-
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি ইবনে আওফের জন্য সম্পদ ও ধনাঢ্যতার দো'আ করেন,

فَصَوْلِحَ عَنْ ثَمَنٍ تَرَكَتَهُ بِمِائَةِ وَسْتَيْنَ أَلْفًا

ফাস্ব-লিহা 'আন্ সুমুনি তারিকাতিহী- বিমি'আতিওঁ ওয়া সিন্তী-না আল্-ফা-।
ফলে তাঁর উত্তরাধিকার সূত্রে রেখে যাওয়া সম্পত্তির এক অষ্টমাংশের মূল্য নির্ধারণ করা হয়েছিল এক লক্ষ ষাট হাজার দিরহাম।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

نِ الذِّي دَعَا لِعَائِشَةَ بِالْمَغْفِرَةِ الْبَاطِنَةِ وَالظَّاهِرَةِ فَنَالَتْ بِهِ الْبُرْكَاتِ الْوَافِرَةَ

ল্লাম্বী- দা'আ- লি'আ-ইশাতা বিল্-মাগ্ফিরাতিল্ বা-ত্বিনাতি ওয়ায্ যোয়া-হিরাতি ফানা-লাত্ বিহিল্ বারাকাতাল্ ওয়া-ফিরাহ্।
যিনি হযরত আয়েশার জন্য যাহেরী ও বাত্বেনী মাগ্ফিরাতের দো'আ করেন; ফলে তিনি এ কারণে অচল নি'মাত ও বরকতের ভাগী হন।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ نِ الذِّي دَعَا لِلْمَازِنِ

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাম্বী- দা'আ- লিল্-মা-যিনি
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি মাযেন নামক এক ব্যক্তির জন্য দো'আ করেন,

وَكَانَ مُوَلِّعًا بِالْخَمْرِ وَالطَّرَبِ فَارْتَفَعَ ذَلِكَ عَنْهُ وَذَهَبَ

ওয়া কা-না মু-লি'আন্ বিল্ খামরি ওয়াত্ব ত্বোয়ারাবি ফার্তা'ফা'আ যা-লিকা 'আনহু ওয়া যাহাব।
যে মদ্যপান ও রং-তামাশায় আসক্ত ছিল, ফলে তার নিকট থেকে ওই অভ্যাস খুব দ্রুত দূরীভূত হলো এবং চিরতরে তা বিদায় নিল।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي دَعَا لثُعَلْبَةَ بِالغِنَىٰ فَكَثُرَ مَالُهُ بِذَلِكَ وَاعْتَنَىٰ

ল্লাযী- দা'আ- লিসা'লাবাতা বিল্‌গিনা- ফাকাসুরা মা-লুহু- বিয়া-লিকা ওয়াগ্তানা-।
যিনি সা'লাবা নামক এক ব্যক্তির ধনাঢ্যতার জন্য দো'আ করেন ফলে ওই ব্যক্তির সম্পদ অধিক পরিমাণে হয়ে যায় এবং তিনি সম্পদশালী ব্যক্তিতে পরিণত হন।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي صَارَ بِهِ سَمِيعِينَ بَصِيرِينَ مُتَكَلِّمِينَ ابْنًا أُمَّ مَعْبُدٍ

মুহাম্মাদিনি ল্লাযী- সোয়া-রা বিহী- সামী-আয়নি বাসী-রায়নি মুতাকাল্লিমায়নি ইবনা- উম্মি মা'বাদ।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর বরকতে উম্মে মা'বদের ছেলে দুটি শুনতে, দেখতে ও কথা বলতে সক্ষম হয়েছিল।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي يُضِيءُ عَنْ يَمِينِهِ نُورٌ وَعَنْ يَسَارِهِ نُورٌ

মুহাম্মাদিনি ল্লাযী- ইয়ুদ্বী-উ 'আই ইয়ামী-নিহী- নূ-রুঁ ওয়া 'আই ইয়াসা-রিহী- নূ-রুন্
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর ডানে ও বামে সদা নূর উদ্ভাসিত হত

حَيْثُ جَلَسَ وَقَامَ يَرَاهُ كُلُّ أَحَدٍ

হায়সু জালাসা ওয়া ক্বা-মা ইয়ারা-হু ক্বুলু আহাদ।
যেখানে তিনি বসতেন এবং দাঁড়াতে, যা উপস্থিত সকলেই অবলোকন করত।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي طَالَ بِهِ عُمُرٌ شَاقٌ أُمَّ مَعْبُدٍ

মুহাম্মাদিনি ল্লাযী- ত্বোয়া-লা বিহী- 'উম্ৰু শা-তি উম্মি মা'বাদিওঁ
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর বরকতে উম্মে মা'বদের

وَسَاقَتْ بِهِ الرِّيحُ بَعِيرَ غَرْقَدَةٍ إِذْ شَرَدَ

ওয়া সা-ক্বাত্ বিহির্ রী-হ বা'ঈ-রা গার্ক্বাদাতা ইয্ শারাদ।
বকরীর হায়াত দীর্ঘ হয়ে যায় এবং যাঁর বরকতে গারক্বাদাহ্ নামক এক অন্ধ ব্যক্তির পলায়নকৃত উটকে বাতাস তার দিকে ফিরিয়ে নিয়ে এসেছে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي حَلَبَ عَنَاقَ أَعْرَابِيٍّ لَمْ يَكُنْ لَهَا لَبَنٌ فِي طَرِيقِ الْهَجْرَةِ

ল্লাযী- হালাবা 'আনা-ক্বা আ'রা-বিয়্যিন্ লাম্ ইয়াক্বুল্লাহা- লাবানুন্ ফী- ত্বোয়ারী-ক্বিল্ হিজ্রাহ্।
যিনি হিজতের রাস্তায় একটি বাচ্চা ছাগল থেকে দুধ দোহন করেছেন অথচ সেটার কখনও দুধই ছিল না।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي وَجَدَتْ عَائِشَةُ بِنُورِ أَسْنَانِهِ الْإِبْرَةَ

মুহাম্মাদিনি ল্লাযী- ওয়াজাদাত্ 'আ-ইশাতু বিনু-রি আস্না-নিহিল্ ইব্রাহ।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর দাঁত মোবারকের আলোকরশ্মিতে হযরত আয়েশা সিদ্দীক্বা তাঁর হারানো সূঁচ খুঁজে পেয়েছিলেন।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي أَبْرَأَ رَجُلِي عَلَيَّ

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- আব্রাআ রিজ্ লায় 'আলিয়্যি
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি হাত মোবারক বুলিয়ে দিয়ে হযরত আলীর উভয় পা

بِالْمَسْحِ وَتَفَجَّرَ بِهِ مَاءٌ بِئْرِ قُبَاءَ بَعْدَ النَّزْحِ

বিলম্বাস্‌হি ওয়া তাফাজ্জারা বিহি মা-উ বি'রি কুবা-আ বা'দান্ নায্‌হি।
সুস্থ করে দিয়েছিলেন এবং যাঁর বরকতে কোবার একটি কূপে অবোর ধারায় পানি প্রবাহিত হয়েছিল কূপটির পানি সেচন করে শুকিয়ে ফেলার পরও।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي رَدَّ عَيْنَ قَتَادَةَ بْنِ النُّعْمَانِ وَأَثْمَرَ بِهِ الْقِنُوفِ فِي غَيْرِ الْأَوَانِ

ল্লাযী- রাদ্দা 'আয়না ক্বাতা-দাতাব্বিন্ নু'মা-নি ওয়াআস্মারা বিহিল্ ক্বিনুভু ফী- গায়রিল্ আওয়া-ন।
যিনি ক্বাতাদা ইবনে নুমানের চক্ষু যুগলে আলো ফিরিয়ে দিয়েছিলেন এবং যাঁর বরকতে খেজুরের শীষগুলো ফল দিতে শুরু করল মৌসুম না আসা সত্ত্বেও।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي صَارَ دُرَّرًا رِيْقَهُ وَصَارَ وَرْدًا عَرْقُهُ

মুহাম্মাদিনি ল্লাযী- সোয়া-রা দুৱারার্ রী-কুহু- ওয়া সোয়া-রা ওয়ার্দান্ আৱাকুহু।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর থুথু মোবারক রূপান্তরিত হয়েছে মুক্তায় এবং যাঁর ঘাম মোবারক রূপান্তরিত হয়েছে গোলাপে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي أَضَاءَ بِهِ عُرْجُونَ أُعْطِيَ قَتَادَةَ بْنِ النُّعْمَانِ

ল্লাযী- আদ্বোয়া-আ বিহী- 'উর্জু-নুন্ আ'ভ্বোয়া- ক্বাতা-দাতাব্বনান্ নু'মা-ন।
যাঁর বরকতে আলোকবর্তিকায় রূপান্তরিত হয়েছে খেজুর গাছের শুকনো ডাল, যা তিনি হযরত ক্বাতাদাহ্ ইবনে নো'মানকে দিয়েছিলেন।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي نَادَاهُ الْحُسَيْنُ مِنَ الْمَدِينَةِ فَاجَابَهُ مِنَ الْحُدَيْبِيَّةِ

মুহাম্মাদিনি ল্লাযী- না-দা-হুল্ হুসায়নু মিনাল্ মাদী-নাতি ফাআজা-বাহু- মিনাল্ হুদায়বিয়্যাতি
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাকে হযরত ইমাম হোসাইন মদিনা শরীফ থেকে ডাক দিলে তিনি হুদায়বিয়া থেকে তাঁর

حَتَّى سَمِعَتْ صَوْتَهُ فَاطِمَةُ الزَّهْرَاءُ وَمَرَّ عَلَى الْمَاءِ

হাত্তা- সামি'আত্ সাওতাহু- ফা-ত্বি'মাতুয্ যাহরা-উ ওয়া মাররা 'আলাল্ মা-ই।
ডাক শুনতে পান এবং উত্তর দেন, এমনকি তাঁর উত্তরের আওয়াজ হযরত ফাতেমা যাহরাও শুনতে পেরেছিলেন এবং যিনি পানির উপর দিয়ে হেঁটে পার হয়ে গিয়েছিলেন।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي خَرَجَ بِهِ الْجَمَلُ مِنَ الْجَبَلِ

মুহাম্মাদিনি ল্লাযী- খারাজা বিহিল্ জামালু মিনাল্ জাবাল।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যার সম্মানার্থে পাহাড় থেকে উট বের হয়ে এসেছিল।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي أَعْطَى الرَّمْلَ رَهْطًا مِّنْ أَصْحَابِهِ لِلْأَكْلِ

মুহাম্মাদিনি ল্লাযী- আ'ত্বোয়ার্ রামলা রাহত্বাম্ মিন্ আস্হা-বিহী- লিল্ আক্ লি
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি তাঁর একদল সাহাবীকে কিছু বালি দিয়েছিলেন খাবার জন্য,

فَصَارَ الْيَنَ مِنَ الزَّبَدِ وَأَحْلَى مِنَ الْعَسَلِ

ফাসোয়া-রা আল'য়ানা মিনায্ যাবাদি ওয়া আহলা- মিনাল্ 'আসাল।
ফলে ওই বালিগুলো মাখনের চেয়ে অধিক নরম এবং মধুর চেয়েও অধিক মিষ্ট হয়ে গেল।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدِ الَّذِي بَنَتْ لَهُ الْمَلَائِكَةُ فِي سَاعَةِ بَيْتِا لِمَارِيَةَ الْقُبْطِيَّةِ

মুহাম্মাদিনি ল্লাযী- বানাত্ লাহুল্ মালা-ইকাতু ফী- সা-আতিন্ বায়তাল্ লিমা-রিয়াতাল্ ক্বিবত্য়্যাহ্।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর সম্মানার্থে ফেরেশতারা ক্ষণিকের মধ্যে ঘর নির্মাণ করে দিলেন মারিয়া ক্বিবত্য়্যার জন্য।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدِ الَّذِي نَزَلَ بِهِ مِنَ السَّمَاءِ دُجَاةٌ مَّشُويَّةٌ

মুহাম্মাদিনি ল্লাযী- নাযালা বিহী- মিনাস্ সামা-ই দুজা-জাতুম্ মাশ্'ভিয়্যাহ্।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর সম্মানার্থে নাযিল হলো আসমান থেকে ভূনাকৃত মুরগী।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدِ الَّذِي أَتَى بِالْبُرَاقِ لَيْلَةَ أُسْرِي بِهِ

মুহাম্মাদিনি ল্লাযী- উত্য়্যা বিল্ বুরা-ক্বি লায়লাতা উস্'রিয়্যা বিহী-।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর খেদমতে ইসরা (মি'রাজ) রাতে উপস্থিত করা হয়েছিল বোরাক্ব।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ وَالَّذِي ضَمَّ الْيَدَ الْمَقْطُوعَةَ لِرَجُلٍ بِرَيْقِهِ

মুহাম্মাদিনি ল্লাযী- ছোয়াম্মাল্ ইয়াদাল্ মাক্বত্ব- 'আতা লিরাজুলিম্ বিরী- কিহ্ ।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি জোড়া লাগিয়ে দিলেন এক ব্যক্তির খণ্ডিত হাতকে স্বীয় লালা মুবারক দ্বারা ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ وَالَّذِي يَسْتُ يَدُ الشَّيْخِ الَّذِي رَفَعَ مِنْ أَجْلِهِ الْعَصَا

মুহাম্মাদিনি ল্লাযী- ইয়াবাসাত্ ইয়াদুশ্ শায়খি ল্লাযী- রাফা'আ মিন্ আজ্ লিহিল্ 'আসোয়া- ।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যার কারণে শুকিয়ে গিয়েছিল ওই বৃদ্ধের হাত, যে তাঁর জন্য লাঠি নিয়েছিল ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ وَالَّذِي حَدَّثَ قُرَيْشًا

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী- হাদ্দাসা কুরায়শাম্
এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি বর্ণনা দিয়েছিলেন ক্বোরাইশদের নিকট মিরাজ রাতে

بِرُؤْيَا الْعَيْرِ وَطَالَ بِهِ قَامَةٌ قَصِيرٌ

বির*'-য়াতিল্ 'ঈ-রি ওয়া তেয়া-লা বিহি ক্বা-মাত্ব ক্বাসী-র ।
প্রত্যাবর্তনকালে তাদের কাফেলার দর্শন লাভের বিষয়ে এবং যাঁর ওসীলায় খাটো দেহী ব্যক্তি দীর্ঘ গড়নধারী ব্যক্তিতে রূপান্তরিত হয়ে গেল ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

الِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي أَنْبَأُنَا بِرِيشَاءِ بَالِدِي

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি লুযী- আম্মাআ কোরায়শাম্ বিল্লাযিন্
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি কোরাঈশদেরকে সংবাদ দিয়েছিলেন

أَنْكَبَّ لَهُ الْقَدْحُ مِنْ عَيْرِهِمْ فِي الظَّلَامِ

কাববা লাহল্ ক্বাদাহ্ মিন্ 'ঈ-রিহিম্ ফিয্ যোয়া-লাম।
তাদের কাফেলার ওই ব্যক্তি সম্পর্কেও যে অন্ধকারে তঁার জন্য স্বীয় পেয়ালা থেকে পানি ঢেলে দিয়েছিল।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى الِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي أَرْسَلَ اللَّهُ إِلَيْهِ الطَّعَامَ لِلصُّبْحِ مِنْ دَارِ السَّلَامِ

মুহাম্মাদিনি লুযী- আর্সালান্না-হ ইলায়হিত্ত্ব ত্বোয়া'আ-মা লিস্ সুব্হি মিন্ দা-রিস্ সালা-ম।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর নিকট মহান আল্লাহ জান্নাত থেকে খাদ্য পাঠিয়ে দিয়েছিলেন সকালের নাস্তার জন্য।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা-
হে আল্লাহ্! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং

الِ سَيِّدِنَا مُحَمَّدٍ الَّذِي نَبَأُنَا بِرِيشَاءِ بَعْدِ

আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি লুযী- নাব্বাআ কোরায়শাম্ বি'আদাদি
আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি কোরাঈশদেরকে

أَهْلِ الْقَافِلَةِ حِينَ سَأَلُوهُ وَأَخْبَرَ

আহ্‌লিল্‌ ক্বা-ফিলাতি হী-না সাআল্‌-হু ওয়া আখ্‌বারা।
তাদের কাফেলার লোকের পরিমাণ ও সংখ্যা সম্পর্কেও বিস্তারিত বলে দিয়েছিলেন, যখন তারা তঁার নিকট জানতে চাইল।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدِ بْنِ أَبِي سَجْدَةَ النَّاضِحَانَ الْفَحْلَانَ

মুহাম্মাদিনি ল্‌আযী- সাজাদা লাহন্‌ না-দ্বিহা-নিল্‌ ফাহলা-নিল্‌
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, এক সফরে যাঁর সম্মানার্থে সাজদায় ঝুঁকে পড়েছিল ওই পানি

الَّذِينَ مَنَعَا الْمَالِكَ أَنْفُسَهُمَا وَالْحَائِطَ فِي السَّفَرِ

লাযা-নি মানা'আল্‌ মা-লিকা আনফুসাহুমা- ওয়াল্‌ হা-ইত্বোয়া ফিস্‌ সাফার।
সেচনকারী দু'টি উট, যে দু'টি তাদের মালিককে কাছে ভিড়তে দিচ্ছিলনা ও বাগানেও ঢুকতে দিচ্ছিল না।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

بِالَّذِي أَثْمَرَتْ بِهِ الشَّجَرُ حِينَ طَلَبَ مِنْهُ الْمُعْجِزَةَ أَبُو طَالِبٍ

ল্‌আযী- আসমারাত্‌ বিহিশ্‌ শাজার্‌ হী-না ত্বোয়ালাবা মিন্‌হুল্‌ মু'জিয়াতা আব্ব- ত্বোয়া-লিব।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর সম্মানার্থে বৃক্ষ ফল দিতে শুরু করল, যখন আব্ব তাগেব তঁার নিকট মু'জিয়া স্বরূপ কিছু দেখতে চাইলেন।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي صَارَ دَمًا مَاءً أَبَارِ

মুহাম্মাদিনি ল্লাম্বী- সোয়া-রা দামান্ মা-উ আ-বা-রি
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর মু'জিয়া স্বরূপ কেলাব গোত্রের কূপগুলোর

بَنِي كِلَابٍ وَدَامَ بِهِ لَبْنُ الشَّاةِ لِأَلِ خَبَابٍ

বানী- কিল্লা-বিওঁ ওয়া দা-মা বিহী- লাবানুশ্ শা-তি লিআ-লি খাববাব।
সব পানি রক্তে রূপান্তরিত হয়ে গেল এবং যাঁর ওসীলায় খাববাবের পরিবারের জন্য তাদের বকরীগুলো সর্বদা দুধ দিতে লাগল।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي صَارَتْ كَثِيرَةً الْحَيَاءِ بِهِ الْمَرْأَةُ الْهَازِلَةَ

মুহাম্মাদিনি ল্লাম্বী- সোয়া-রাত্ কাসী-রাতাল্ হায়া-ই বিহিল্ মার্আতুল্ হা-যিলাহ।
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর দো'আর বরকতে এক লজ্জাহীন মহিলা অতি লজ্জাবতী হয়ে গেল।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي جُعِلَتْ لَهُ الشَّمْسُ وَالْقَمَرُ

মুহাম্মাদিনি ল্লাম্বী- জু'ইলাত্ লাহ্শ্ শাম্ সু ওয়াল্ ক্বামারু
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর সম্মানার্থে মি'রাজ রাতে চন্দ্র ও সূর্যকে

شَمْعَتَيْنِ لَيْلَةَ الْإِسْرَاءِ وَجَبْرِئِلُ حَامِلُهُمَا بَيْنَ يَدَيْهِ

শাম'আতায়িনি লায়লাতাল্ ইসরা-ই ওয়া জিব্রী-লু হা- মিলুহমা- বায়না ইয়াদায়হ।
দু'টি এমন খদীপে রূপান্তরিত করা হলো যে দু'টিকে জিবরাইল তঁার সামনে বহন করেছিলেন।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি হে আল্লাহ! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

إِنِّ الَّذِي مَالِبَسَ قَطُّ ثَوْبًا طَالَ أَوْ قَصُرَ إِلَّا كَانَهُ خِيَطَ عَلَيْهِ

ল্লাযী- মা- লাবিসা ক্বাভু সাওবান্ ত্বোয়া-লা আউ ক্বাসুরা ইল্লা- কাআন্বাহু- খী-ত্বোয়া- আলায়হি। যিনি যখন কোন কাপড়কে স্পর্শ করতেন, চাই ছোট হোক কিংবা বড় হোক, তখন মনে হত তা যেন তাঁর গড়ন মোবারকের সাইজেই সেলাই করা হয়েছে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- হে আল্লাহ! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ إِنِّ الَّذِي لَأَنْتُ عِنْدَ بَيْتِ الْمُقَدَّسِ لِشَدِّ الْبُرَاقِ

মুহাম্মাদিনি ল্লাযী- লা-নাত্ 'ইন্দা বায়তিল্ মুক্বাদ্দাসি লিশাদ্দিল্ বুরা-ক্বি হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, বায়তুল মুক্বাদ্দাসের কঠিন পাথর যাঁর হাত মুবারকের স্পর্শে নরম হয়ে

تَحْتَ يَدِهِ الصَّخْرَةُ وَأَنْشَقَّتْ لَهُ السِّدْرَةُ

তাহ তা ইয়াদিহিস্ সোয়াখ্ রাতু ওয়ান্ শাক্ব্বাত্ লাহ্ স্ সিদ্ রাহ। গেল, যখন তিনি তাতে তাঁর বোরাক্বকে বাঁধতে চাইলেন এবং তাঁরই সম্মানার্থে তা বিদীর্ণ হয়ে গেল সিদরা বা কুলব্বুষ্টি।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি হে আল্লাহ! দুরদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

إِنِّ الَّذِي وَصَفَ الْمَسْجِدَ الْأَقْصَى وَبَصَّرَ فُؤَادِيكَ الْأَعْمَى

ল্লাযী- ওয়াসোয়াফাল্ মাস্জিদাল্ আক্বসোয়া- ওয়া বাস্সোয়ারা ফুদায়কান্ আল'আ'মা-। যিনি (ক্বোরাইশদের প্রশ্নের উত্তরে) মসজিদে আক্বসার বিস্তারিত বর্ণনা পেশ করেছেন এবং ফুদাইক নামক অন্ধকে চোখের দৃষ্টি ফিরিয়ে দিয়েছেন।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي صَارَ بِهِ السَّرَابُ مَاءً وَنَفَخَ فِي طَائِرٍ مِّنَ الطَّيْنِ

মুহাম্মাদিনি ল্লাযী- সোয়া-রা বিহিস্ সারা-বু মা-আওঁ ওয়া নাফাখা ফী- ত্বোয়া-ইরিম্ মিনাত্ ত্বী-নি হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর ওসীলায় মরিচিকা পানিতে রূপান্তরিত হয়ে গিয়েছে এবং যিনি মাটির বানানো পাখিতে

فَصَارَ حَيًّا وَقَرَأَ لَا إِلَهَ إِلَّا اللَّهُ مُحَمَّدٌ رَسُولُ اللَّهِ بِلَا أَرْتِيَابٍ

ফাসোয়া-রা হাইয়্যান্ ওয়া ক্বারাআ লা- ইলা-হা ইল্লাল্লা-হু মুহাম্মাদূর্ রাসূ-লুল্লা-হি বিলার্তিয়া-ব। ফুঁক দেয়ার ফলে এটি জীবিত হয়ে উড়তে লাগল, আর যিনি দ্ব্যর্থহীনভাবে তিলাওয়াত করেছেন 'লা-ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মদূর্ রাসূলুল্লাহু'।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي مُطِرَ بِهِ الْجَرَادُ مِنَ الذَّهَبِ لِفَاطِمَةَ عَلَيْهَا

মুহাম্মাদিনি ল্লাযী- মুত্তিরা বিহিল্ জারা-দু মিনায্ যাহাবি লিফা-ত্বিমাতা 'আলায়হার্ হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর ওসীলায় হযরত ফাতেমা রাছিয়াল্লাহু তা'আলা আনহার মনতুষ্টির জন্য

الرِّضْوَانُ وَاتَّمَرَتْ بِهِ الْأَشْجَارُ الْيَابِسَةُ لِأَهْلِ نَجْرَانَ

রিদ্ওয়ান-নু ওয়া আস্‌মারাত্ বিহিল্ আশ্‌জা-রন্ ইয়া-বিসাতু লিআহলি নাজরা-ন। স্বর্গের ফড়িংবাহী বারিধারা বর্ষিত হয়েছে এবং যাঁর বরকতে নজরানবাসীর জন্য শুকনো বৃক্ষ ফল দিতে শুরু করেছে।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي صَارَ رَصَاصًا بِهِ الْأَحْجَارُ

মুহাম্মাদিনি ল্বাযী- সোয়া-রা রাসোয়া-সোয়াম্ বিহিলি আহজা-র
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর ওসীলায় পাথর গুলীতে রূপান্তরিত হয়ে গেল

وَأَرَى النَّجُومَ حَارَتْ بِنَ هِشَامٍ فِي النَّهَارِ

ওয়া আরান্ নুজ্-মা হা-রিসাব্না হিশামিন্ ফিন্ নাহা-র।
এবং যিনি হারেস ইবনে হিশাম নামক এক ব্যক্তিকে দিবালোকে তারকারাজি দেখিয়েছিলেন।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي صَارَتْ بِهِ الْعَجُوزُ شَابَّةً

মুহাম্মাদিনি ল্বাযী- সোয়া-রাত্ বিহিল্ 'আজ্-যু শা-ববাতাওঁ
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর ওসীলায় বৃদ্ধা যুবতীতে রূপান্তরিত হয়েছে এবং

وَضَمَّ الْيَدَ الْمَقْطُوعَةَ يَوْمَ أُحُدٍ لِوَاحِدٍ مِّنَ الصَّحَابَةِ

ওয়া দ্বোয়াম্মাল্ ইয়াদাল্ মাক্বত্ব'আতা ইয়াউমা উহুদিন্ লিওয়া-হিদিম্ মিনাস্ সোয়াহা-বাহ্।
যিনি উহুদ যুদ্ধে এক সাহাবীর কর্তিত হাতকে জোড়া লাগিয়ে দিয়েছেন।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي رَجَفَ الْمِنْبَرُ تَحْتَ أَقْدَامِهِ

মুহাম্মাদিনি ল্বাযী- রাজাফাল্ মিম্বার্ তাহতা আক্বদা-মিহী-
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর কদম মোবারকের নিচে মিম্বর খুশীতে আন্দোলিত হয়েছিল

وَعَرَسَ النَّخْلَ لِسَلْمَانَ فَحَمَلَتْ مِنْ عَامِهِ

ওয়া গারাসান্ নাখলা লিসাল্মা-না ফাহামালাত্ মিন্ 'আ-মিহ।
এবং যিনি হযরত সালমান ফারেসীর জন্য খেজুর বৃক্ষ রোপন করলে ওইগুলো ওই বছরই ফল দিতে শুরু করল।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي نَزَعَ النَّخْلَةَ الَّتِي غَرَسَهَا عُمَرُ

মুহাম্মাদিনি ল্লাযী- নাযা'আন্ নাখলাতা ল্লাতী- গারাসাহা- 'উমারঃ
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যিনি হযরত ওমরের লাগানো

فَغَرَسَهَا فَحَمَلَتْ مِنْ عَامِهِ ذَلِكَ

ফাগারাসাহা- ফাহামালাত্ মিন্ 'আ-মিহী- যা-লিক।
খেজুর গাছটি উপড়ে ফেলার পর আবার রোপন করে দিলে গাছটি ঠিক ওই বছরই ফল দিতে শুরু করল।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي زَادَ بِهِ الْعُمُرُ وَالْمَالُ وَالْأَوْلَادُ لِأَنَسِ بْنِ مَالِكٍ

ল্লাযী- যা-দা বিহিল্ 'উমরঃ ওয়াল্ মা-লু ওয়াল্ আওলা-দু লিআনাসিব্ নি মা-লিক।
যাঁর দো'আর বরকতে বৃদ্ধি পেয়ে গেল হযরত আনাস ইবনে মালেক রাযিয়াল্লাহু তা'আলা আনহুর হায়াত, ধন-সম্পদ ও সন্তান-সন্ততি।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ نِ الَّذِي زَادَ الذَّهَبُ لِسَلْمَانَ بِلِسَانِهِ

মুহাম্মাদিনি ল্বাযী- যা-দায্ যাহাব্ লিসাল্ মা-না বিলিসা-নিহী-
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর জবান মুবারকের বরকতে হযরত সালমান ফারেসীর স্বর্ণ বৃদ্ধি লাভ করেছে

وَجَاءَ إِلَيْهِ غُصْنُ النَّخْلَةِ وَرَجَعَ إِلَى مَكَانِهِ

ওয়া জা-আ ইলায়হি গুস্ নুন্ নাখলাতি ওয়া রাজা'আ ইলা- মাকা-নিহ ।
এবং যাঁর নিকট নুব্বুয়তের প্রমাণ স্বরূপ খেজুর গাছের ডাল উপস্থিত হয়ে আবার স্বস্থানে ফিরে গিয়েছিল ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ نِ الَّذِي زَادَ بِهِ تَمَرُ سَلْمَانَ

মুহাম্মাদিনি ল্বাযী- যা-দা বিহী- তামারঃ সাল্ মা-না
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর বরকতে বৃদ্ধি পেল হযরত সালমান ফারেসীর খেজুর

وَكَانَ يَجُزِّي إِلَى أَخِي الْمَضَاجِعِ رَيْقَهُ الصَّبِيَّانِ

ওয়াকা-না ইয়াজযী- ইলা- আখযিল্ মাছোয়া-জি'ই রী-কুহ্ স্ সিবি'ইয়া-ন ।
এবং যাঁর থুথু মোবারক দ্বারা দুগ্ধপোষ্য শিশুরা বিছানায় ঘুমানো পর্যন্ত পরিতৃপ্ত থাকত ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ نِ الَّذِي أَثْمَرَتْ حَدِيثُهُ أَنَسٌ مَرَّتَيْنِ فِي الْعَامِ بَبْرَكَةٍ

মুহাম্মাদিনি ল্বাযী- আস্ মারাত্ হাদী-ক্বাতু আনাসিম্ মাররাতায়নি ফিল্ 'আ-মি বিবারাকাতি
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, যাঁর দো'আর বরকতে হযরত আনাস রাযিয়াল্লাহু তা'আলা আনহুর বাগানে

دَعْوَتِهِ وَمَسَحَ مُحَمَّدٌ بِنَ بَشْرٍ فَلَمْ يَشِبْ مِنْهُ مَوْضِعٌ رَاحَتِهِ

দা'ওয়াতিহী- ওয়া মাসাহা মুহাম্মাদবনা বিশরিন্ ফালাম ইয়াশিব্ মিন্ছ মাওদি'উ রা-হাতিহ্ ।
বৎসরে দু'বার ফল দিয়েছে এবং যিনি মুহাম্মদ ইবনে বিশরের মাথায় হাত বুলিয়ে দেন, ফলে তাঁর হাত মুবারকের স্পর্শ লাগা চুলগুলো কখনও শুভ্র হয়নি ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা-
হে আল্লাহ! দুর্দুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা

مُحَمَّدٍ الَّذِي كَانَ فِي سَفَرٍ فَاتَىٰ بِإِنَاءٍ فِيهِ مَاءٌ قَلِيلٌ

মুহাম্মাদিনি ল্বাযী- কা-না ফী- সাফারানি ফাউতিয়া বিইনা-ইন্ ফী-হি মা-উন্ ক্বালী-লুন্
হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি, এক সফরে যখন তাঁর সামনে কিছু পানির একটি পাত্র আনা হল

فَادْخَلَ يَدَهُ فِيهِ فَنَبَعَ مِنْ بَيْنِ أَصَابِعِهِ الْمَاءُ الزُّلَالُ

ফাআদখালা ইয়াদাহু- ফী-হি ফানাবা'আ মিম্মায়নি আসোয়া-বি'ইহিল্ মা-উয্ যুলা-ল ।
তখন তিনি তাতে তাঁর হাত মোবারক প্রবেশ করিয়ে দিলে তাঁর আঙ্গুল মোবারকগুলো থেকে পরিচ্ছন্ন পানির এক বর্ণা প্রবাহিত হতে লাগল ।

اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَىٰ آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিওঁ ওয়া 'আলা- আ-লি সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি
হে আল্লাহ! দুর্দুদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এবং আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতি,

الَّذِي كَانَ لَهُ يَوْمَ أَحَدٍ جِبْرَائِيلُ عَنِ الْيَمِينِ وَمِيكَائِيلُ عَنِ الشِّمَالِ

ল্বাযী- কা-না লাহু- ইয়াউমা উহুদিন্ জিব্রা-ঈ-লু 'আনিল্ ইয়ামী-নি ওয়া মী-কা-ঈ-লু 'আনিশ্ শিমা-ল ।
উহুদ যুদ্ধে যাঁর ডানে ছিলেন জিবরাঈল আর বামে ছিলেন মিকাইল ।

اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ قَلُوبًا أَوَْاهَةً مُّخْبِتَةً مُّنِيبَةً فِي سَبِيلِكَ

আল্লা-হুম্মা ইন্নী- আসআলুকা ক্বলু-বান্ আউয়্যা-হাতাম্ মুখ্বিতাতাম্ মুনী-বাতান্ ফী- সাবী-লিকা
হে আল্লাহ! আমি তোমার নিকট প্রার্থনা করছি, এমন ক্বলব, যা হবে ক্রন্দনকারী, ভীত ও তোমার পথের দিকে ধাবিত

وَعَمَلًا مُتَّقِبًا وَعِلْمًا نَافِعًا نَجِيحًا وَسَعْيًا مَشْكُورًا وَتِجَارَةً

ওয়া 'আমালাম্ মুতাক্ব্বালাওঁ ওয়া 'ইলমান্ না-ফি'আন্ নাজী-হাওঁ ওয়া সা'ইয়াম্ মাশ্কু-রাওঁ ওয়া তিজা-রাতাল্লান্
এবং প্রার্থনা করছি গ্রহণযোগ্য আমল, উপকারী ও সফল ইল্ম, প্রশংসিত প্রচেষ্টা ও লোকসানহীন ব্যবসা আর আমাকে দান করে

لَنْ تَبُورَ وَارْزُقْنِي رِزْقًا طَيِّبًا وَاسْعًا مُبَارَكًا حَلَالًا وَاسْتَعْمِلْنِي

তাবু-র। ওয়ারযুক্বনী- রিয়ক্বান্ ত্বোয়ায়িযাবাওঁ ওয়া-সি'আম্ মুবা-রাকান্ হালা-লান্ ওয়াস্তা'মিলনী-
এমন রিয়ক্ব, যা হবে পবিত্র, প্রশস্ত, বরকতময় ও হালাল এবং আমাকে বানিয়ে দাও সৎকর্মকারী।

لَا إِلَهَ إِلَّا أَنْتَ يَا ذَا الْجَلَالِ وَالْإِكْرَامِ وَأَسْأَلُكَ إِيمَانًا دَائِمًا

লা- ইলা-হা ইল্লা- আন্তা ইয়া- যাল্ জালা-লি ওয়াল্ ইক্বরা-মি ওয়া আস্আলুকা ঈ-মা-নান্ দা-ইমাওঁ
তুমি ছাড়া কোন ইলাহ নেই, হে মহত্ত্ব ও সম্মানের মালিক। অনুরূপ, আমি তোমার নিকট প্রার্থনা করছি, স্থায়ী ঈমান,

وَقَلْبًا خَاشِعًا وَيَقِينًا صَادِقًا وَدِينًا قِيمًا وَأَسْأَلُكَ إِيمَانًا يُبَاشِرُ قَلْبِي

ওয়া ক্বাল্বান্ খা-শি'আওঁ ওয়া ইয়াক্বী-নান্ সোয়া-দিক্বাওঁ ওয়া দী-নান্ ক্বায়িমাম্ব ওয়া আস্আলুকা ঈ-মা-নাই ইয়ুবা-শিরু ক্বাল্বী-
বিনীত হৃদয়, সঠিক ইয়াক্বীন ও সুপ্রতিষ্ঠিত দীন, আরও প্রার্থনা করছি এমন ঈমান, যা প্রোথিত হবে আমার হৃদয়ে

حَتَّى أَعْلَمَ أَنَّهُ لَا يُصِيبُنِي إِلَّا مَا كَتَبْتَ لِي

হাত্তা- আ'লামা আন্বাহ্- লা- ইয়ুসী-বুনী- ইল্লা- মা- কাতাব্ তা লী-
যাতে আমি অন্তরে এ দৃঢ় বিশ্বাস রাখতে পারি যে, তুমি আমার জন্য যা লিপিবদ্ধ করে রেখেছ তার বিপরীত কিছুই হবে না।

وَأَسْأَلُكَ رِضًا مِنَ الْمَعِيشَةِ بِمَا قَسَمْتَ لِي إِنَّكَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ ۝

ওয়া আস্আলুকা রিছোয়াম্ মিনাল্ মা'ঈ-শাতি বিমা- ক্বাসাম্তা লী- ইল্লাকা 'আলা- কুদ্বি শায়ইন্ ক্বাদী-র।
আমি তোমার নিকট সন্তুষ্টি প্রার্থনা করছি ওই জীবনোপকরণে, যা তুমি আমার জন্য নিদ্বারণ করে রেখেছ, নিশ্চয় তুমি সর্বশক্তিমান।

وَأَسْأَلُكَ فَرَجًا قَرِيبًا وَصَبْرًا جَمِيلًا وَالْعَافِيَةَ مِنْ جَمِيعِ الْبَلَاءِ

ওয়া আস্আলুকা ফারাজান্ ক্বারী-বাওঁ ওয়া সব্বরান্ জামী-লাওঁ ওয়াল্ 'আ-ফিয়াতা মিন্ জামী-ইল্ বালা-ই।
অনুরূপ আমি তোমার নিকট প্রার্থনা করছি, দ্রুত প্রশস্ততা, সুন্দর ধৈর্য এবং সকল প্রকার বালা-মুসীবত থেকে নিরাময়।

اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ خَلَاصًا مِنَ النَّارِ سَالِمًا وَأَنْ تُدْخِلَنِي الْجَنَّةَ آمِنًا

আল্লা-হুম্মা ইন্নী- আস্আলুক খালা-সোয়াম্ মিনান্ না-রি সা-লিমাওঁ ওয়া আন্ তুদখিলানিয়াল্ জান্নাতা আ-মিনাওঁ
হে আল্লাহ্! আমি তোমার নিকট প্রার্থনা করছি, জাহান্নাম থেকে নিরাপদ মুক্তি এবং তুমি যেন আমাকে নিরাপদে প্রবেশ করাও জান্নাতে

وَأَسْأَلُكَ إِيمَانًا لَا يَرْتَدُّ وَنَعِيمًا لَا يَنْفَدُ وَمُرَافَقَةً نَبِيًّا

ওয়া আস্আলুকা ই-মা-না ল্লা-ইয়ারতাদু ওয়া নাঈ-মাল্ লা- ইয়ান্ফাদু ওয়া মুরা-ফাক্বাতা নাবিয়্যিনা-
আর আমি তোমার নিকট প্রার্থনা করছি এমন ঈমান, যা পরিত্যাগ করার নয়, এমন নি'মাত যা শেষ হবার নয় এবং আমাদের প্রিয়নবী

مُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي أَعْلَى دَرَجَةِ الْجَنَّةِ جَنَّةِ الْخُلْدِ

মুহাম্মাদিন্ সাল্লাল্লা-হু 'আলায়হি ওয়াসাল্লামা ফী- আ'লা- দারাজাতিল্ জান্নাতি জান্নাতিল্ খুল্দি
হযরত মুহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লামের সাথে চিরস্থায়ী জান্নাতের ওই স্থানে থাকা, যা জান্নাতের সর্বোচ্চ স্থান।

وَأَسْأَلُكَ لِسَانًا صَادِقًا وَقَلْبًا سَلِيمًا وَخُلُقًا مُسْتَقِيمًا وَشِفَاءً مِنْ كُلِّ دَاءٍ

ওয়া আস্আলুকা লিসা-নান্ সোয়া-দিব্বাওঁ ওয়া ক্বাল্বান্ সালী-মাওঁ ওয়া খুল্ক্বাম্ মুস্তাক্বী-মাওঁ ওয়া শিফা-আম্ মিন্ ক্বল্লি দা-ইন।
একইভাবে আমি তোমার নিকট প্রার্থনা করছি সঠিক যবান, সুস্থ ক্বলব, সঠিক চরিত্র এবং সকল প্রকার রোগ-ব্যধি থেকে নিরাময়।

اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ يَا اللَّهُ يَا اللَّهُ يَا اللَّهُ أَنْ تُعْطِنَا صَبْرًا جَمِيلًا

আল্লা-হুম্মা ইন্নী- আস্আলুকা ইয়া- আল্লা-হু ইয়া- আল্লা-হু ইয়া- আল্লা-হু আন্ তু'ত্তিয়ানা- সোয়াব্রান্ জামী-লাওঁ
হে আল্লাহ্! আমি তোমার নিকট প্রার্থনা করছি, হে আল্লাহ্, হে আল্লাহ্, হে আল্লাহ্! তুমি যেন আমাদেরকে দান কর সুন্দর ধৈর্য,

وَفَرَحًا قَرِيبًا وَأَجْرًا عَظِيمًا وَقَلْبًا سَلِيمًا وَلِسَانًا ذَاكِرًا وَسَعِيًّا مَشْكُورًا

ওয়া ফারহান্ ক্বারী-বাওঁ ওয়া আজ্রান্ 'আযী-মাওঁ ওয়া ক্বাল্বান্ সালী-মাওঁ ওয়া লিসা-নান্ যা-ক্বিরাওঁ ওয়া সা'ইয়াম্ মাশ্কূ-রাওঁ
বিলম্বহীন আনন্দ, মহা প্রতিদান, সুস্থ ক্বলব, যিকরকারী রসনা, প্রশংসিত প্রচেষ্টা,

وَذَنْبًا مَغْفُورًا وَقَلْبًا خَاشِعًا وَتَوْبَةً نَّصُوحًا وَدُعَاءً مُسْتَجَابًا

ওয়া যায্বাম্ মাগ্ফূ-রাওঁ ওয়া ক্বাল্বান্ খা-শি'আওঁ ওয়া তাওবাতান্ নাসূ-হাওঁ ওয়া দু'আ-আম্ মুস্তাজা-বাওঁ
গুনাহর ক্ষমা, বিনীত ক্বলব, একনিষ্ঠ তাওবা, কবুলকৃত দো'আ,

وَكَسْبًا طَيِّبًا حَلَالًا وَإِيمَانًا ثَابِتًا وَدِينًا قِيمًا وَجَنَّةَ الْفِرْدَوْسِ قِيَامًا

ওয়া কাস্বান্ ত্বায়িবান্ হালা-লাওঁ ওয়া ঈ-মা-নান্ সা-বিতাওঁ ওয়া দী-নান্ ক্বায়িমাওঁ ওয়া জান্নাতুল্ ফিরদাউসি ক্বিয়া-মাওঁ
পবিত্র ও হালাল উপার্জন, দৃঢ় ঈমান, সুপ্রতিষ্ঠিত দ্বীন, জান্নাতুল ফেরদৌসে অবস্থান

وَلِبَاسًا حَرِيرًا وَعِزًّا وَظَفْرًا وَفَتْحًا قَرِيبًا يَا خَيْرَ النَّاصِرِينَ هُ

ওয়া লিবা-সান্ হারী-রাওঁ ওয়া ইয্যাওঁ ওয়া যোয়াফারাওঁ ওয়া ফাত্হান্ ক্বারী-বান্ ইয়া- খায়রান্ না-সিরী-ন।
ও রেশমী পোশাক। আরও প্রার্থনা করছি! সম্মান, সফলতা, দ্রুত বিজয়, হে সর্বাধিক সাহায্যকারী

يَا خَيْرَ الْغَافِرِينَ هُ وَيَا مُجِيبَ دُعَاءِ عِبَادِكَ الْمُضْطَرِّينَ

ইয়া- খায়রাল্ গা-ফিরী-ন। ওয়া ইয়া- মুজী-বা দু'আ-ই 'ইবা-দিকাল্ মুদ্ত্বাররী-না
হে সর্বাধিক ক্ষমাশীল, হে তোমার অসহায় বান্দাদের দো'আ কবুলকারী!

وَيَا مُجِيبَ دُعَاءِ السَّائِلِينَ إِنَّكَ أَنْتَ رَبُّ الْعَالَمِينَ هُ

ওয়া ইয়া- মুজী-বা দু'আ-ইস্ সা-ইলী-না ইন্নাকা আন্তার রাব্বুল্ 'আলা-মী-ন।
ওহে প্রার্থনাকারীদের প্রার্থনা কবুলকারী! নিশ্চয় তুমি বিশ্বজাহানের প্রতিপালক।

اللَّهُمَّ ارْزُقْنِي قَلْبًا خَاشِعًا خَاضِعًا ضَارِعًا وَبَدَنًا صَابِرًا

আল্লা-হুম্মার্ যুক্বনী- ক্বাল্বান্ খা-শি'আন্ খা-দি'আন্ ছোয়া-রি'আওঁ ওয়া বাদানান্ সোয়া-বিরাওঁ
হে আল্লাহ! আমাকে দান করো এমন ক্বলব, যা হবে ভীত, বিনীত, ক্রন্দনকারী, সবরকারী দেহ,

وَيَقِينًا صَادِقًا وَاثِقًا وَلِسَانًا ذَاكِرًا مَذْكُورًا حَاضِرًا حَامِدًا مَحْمُودًا

ওয়া ইয়াক্বীনান্ সোয়া-দিক্বাওঁ ওয়া-সিক্বাওঁ লিসা-নান্ যা-কিরাম্ মায্কু-রান্ হা-দ্বিরান্ হা-মিদাম্ মাহমু-দাওঁ
সত্য ও দৃঢ় ইয়াক্বীন, যিকরকারী, স্মরণীয়, উপস্থিত, পুশংসাকারী রসনা,

وَعَيْنًا بَاكِئَةً خَاشِعَةً وَعِلْمًا نَافِعًا مُنَافِعًا وَتَوْبَةً نَّصُوحًا مَقْبُولَةً

ওয়া 'আয়নাম্ বা-কিয়াতান্ খা-শি'আতাওঁ ওয়া 'ইলমান্ না-ফি'আম্ মুনা-ফি'আওঁ ওয়া তাওবাতান্ নাসু-হাম্ মাক্বুব-লাতাওঁ
ক্রন্দনকারী বিনীত চক্ষু, উপকারী, উপকারদাতা ইল্ম, গ্রহণযোগ্য উপদেশযোগ্য তাওবা,

وَأَوْلَادًا صَالِحًا مُصْلِحًا وَسِنًّا طَوِيلًا وَ أَسْأَلُكَ إِيمَانًا

ওয়া আউলা-দান সোয়া-লিহাম্ মুসলিহাওঁ ওয়া সিন্নান্ ত্বোয়াভী-লাওঁ ওয়া আস্আলুকা ঈ-মা-নাই
সৎ ও যোগ্য সন্তান, দীর্ঘ হায়াত। আমি তোমার নিকট প্রার্থনা করছি এমন ঈমান,

يَصْلُحُ لِلْعَرَضِ عَلَيْكَ وَإِقَانًا نَقَفُ بِهِ فِي الْقِيَمَةِ بَيْنَ

ইয়াস্লুহ্ লিল্ 'আর্দি 'আলায়কা ওয়া ঈ-ক্বা-নান্ নাক্বিফু বিহী- ফিল্ ক্বিয়া-মাতি বায়না
যা তোমার সম্মুখে পেশযোগ্য হবে, এমন দৃঢ়তা, যা নিয়ে ক্বিয়ামত দিবসে তোমার সামনে দাঁড়াতে পারব,

يَدِيكَ وَعِصْمَةً تَنْقِذُنَا بِهَا مِنْ وَرُطَةِ الذُّنُوبِ وَرَحْمَةً

ইদায়কা ওয়া 'ইস্মাতান্ তানক্বিয়ুনা- বিহা- মিওঁ ওর্ত্বোয়াতিয্ য়ুনু-বি ওয়া রাহ্মাতান্
এমন ইয্যাত যার মাধ্যমে তুমি আমাদেরকে মুক্তি দেবে গুনাহতে লিপ্ত হওয়া থেকে, এমন রহমত যার মাধ্যমে তুমি

تُطَهِّرُنَا بِهَا مِنْ دَنَسِ الْعُيُوبِ وَعِلْمًا نَفَّقَهُ بِهِ فِي أَوْامِرِكَ

তুত্বোয়াহ্ হিরগনা- বিহা- মিন্ দানাসিল্ 'উয়ু-বি ওয়া 'ইল্মান্ নাফ্কাহ্ বিহি ফী- আওয়া-মিরিকা ওয়া
আমাদেরকে পবিত্র করবে দোষ-ত্রটির আবর্জনা থেকে। এমন ইলম যার মাধ্যমে বুঝতে পারব তোমার আদেশ-নিষেধসমূহ

وَنَوَاهِيكَ وَفَهْمًا نَعْلَمُ بِهِ كَيْفَ نُنَاجِيكَ

নাওয়া-হী-কা ওয়া ফাহ্মান্ না'লামু বিহী- কায়ফা নুনা-জী-ক।
এবং এমন বুঝশক্তি, যার মাধ্যমে আমরা জানতে পারবো তোমার সাথে কথোপকথন পদ্ধতি।

اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ بِنِعْمَتِكَ السَّابِقَةِ عَلَيَّ وَبِلَائِكَ

আল্লা-হুম্মা ইন্নী- আস্আলুকা বিনি'মাতিকাস্ সা-বিক্বাতি 'আলাইয়্যা ওয়া বালা-ইকাল্
হে আল্লাহ! তোমার নিকট প্রার্থনা করছি আমার প্রতি তোমার কৃত অনুগ্রহের ওসীলায় ও

الْحَسَنِ الَّذِي ابْتَلَيْتَنِي بِهِ وَفَضْلِكَ الَّذِي

হাসানি ল্লাম্ব-তালায়তানী- বিহী- ওয়া ফাদ্বলিকা ল্লাম্বী-
তোমার পক্ষ থেকে ওই উত্তম পরীক্ষার ওসীলায়, যার মাধ্যমে তুমি আমাকে চয়ন করে নিয়েছ এবং তোমার ওই অনুগ্রহের ওসীলায়,

فَضَّلْتَ عَلَيَّ أَنْ تُدْخِلَنِي الْجَنَّةَ بِمَنْكَ وَفَضَّلْتَكَ وَرَحْمَتِكَ

ফাছল্লাইয়ালাতা 'আলাইয়্যা আন্ তুদখিলানিয়াল্ জান্নাতা বিমান্নিকা ওয়া ফাছলিকা ওয়া রাহ্মাতিকা যা দ্বারা তুমি আমার প্রতি বিশেষ অনুগ্রহ করেছ, তুমি যেন আমাকে প্রবেশ করাও তোমার বিশেষ অনুগ্রহ, দয়া ও রহমত দ্বারা জান্নাতে।

وَأَسْأَلُكَ بِوَجْهِكَ الْكَرِيمِ وَأَمْرِكَ الْعَظِيمِ

ওয়া আস্ আলুকা বিওয়াজ্ হিকাল্ কারী-মি ওয়া আম্ রিকাল্ 'আযী-মি আর আমি তোমার নিকট প্রার্থনা করছি তোমার পরম সম্মানিত যাতে পাকের ওসীলায় এবং তোমার মহান কর্ম বিধানের সদক্বায়,

أَنْ تُجِيرَنِي مِنَ النَّارِ وَالْكَفْرِ وَالْفَقْرِ وَالذُّيُونِ

আন্ তুজী-রানী- মিনান্ না-রি ওয়াল্ কুফরি ওয়াল্ ফাকুরি ওয়াদ্দুয়ূ-ন। তুমি যেন আমাকে নিরাপত্তা ও আশ্রয় দান কর জাহান্নাম, কুফর, দরিদ্রতা ও ঋণগ্রস্ততা থেকে।

اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ هُدًى قَيِّمًا وَإِيمَانًا مُسْتَقِيمًا وَفَضْلًا دَائِمًا

আল্লা-হুম্মা ইন্নী- আস্আলুকা হুদান্ ক্বায়্যিমাওঁ ওয়া ঈ-মানাম্ মুস্তাক্বী-মাওঁ ওয়া ফাছলান্ দা-ইমাওঁ হে আল্লাহ! আমি তোমার নিকট প্রার্থনা করছি, প্রতিষ্ঠিত হিদায়ত, সঠিক ঈমান, স্থায়ী অনুগ্রহ,

وَنَظْرًا رَحْمَةً وَعَقْلًا كَامِلًا وَقَلْبًا مُنَوَّرًا وَتَوْفِيقًا حَسَنًا وَصَبْرًا جَمِيلًا وَأَجْرًا عَظِيمًا

ওয়া নাযরান্ রাহ্মাতাওঁ ওয়া 'আক্বলান্ কা-মিলাওঁ ওয়া ক্বাল্বাম্ মুনাওয়্যারাত্ ওয়া তাওফী-ক্বান্ হাসানাত্ ওয়া সোয়্যাব্বান্ জামী-লাওঁ ওয়া আজ্জরান্ 'আযী-মাওঁ ক্বুপাদুষ্টি, পূর্ণ বিবেক, আলোকিত ক্বলব, উত্তম তাওফীক, সুন্দর ধৈর্য, মহান প্রতিদান,

وَدُعَاءٍ مُسْتَجَابًا وَلِقَائِكَ نَصِيْبًا وَنَعِيمًا مُقِيمًا وَأَسْأَلُكَ

ওয়া দু'আ-আম্ মুস্তাজা-বাওঁ ওয়া লিক্বা-আকা নাসী-বাওঁ ওয়া না'ঈ-মাম্ মুক্বী-মাওঁ ওয়া আস্আলুকা কবুলকৃত দো'আ, তোমার সাক্ষাতের সৌভাগ্য ও স্থায়ী নি'মাত। অনুরূপ, আমি তোমার নিকট প্রার্থনা করছি

فِي الدُّنْيَا طَاعَتِكَ وَالْفِرَارَ مِنْ مَعْصِيَتِكَ وَفِي الآخِرَةِ جَنَّتِكَ

ফিদ্ দুইয়া- ত্বোয়া-'আতাকা ওয়াল্ ফিরা-রা মিন্মা'সিয়াতিকা ওয়া ফিল্ আ-খিরাতি জান্নাতাকা দুইয়াতে তোমার আনুগত্য ও তোমার অবাধ্যতা থেকে পলায়ন এবং পরকালে তোমার জান্নাত,

رُؤْيُوتِكَ وَالسَّلَامَةَ مِنْ عُقُوبَتِكَ إِلَهَنَا أَيَّ كَيْدِ الشَّيْطَانِ وَهُوَ ضَعِيفٌ

ওয়া রু'য়্যাতিকা ওয়াস্ সালা-মাতা মিন্ 'উকুবাতিকা। ইলা-হানা- আয়্যা কায়দিশ্ শায়ত্বোয়া-নি ওয়া হুয়া হোয়া'ঈ-ফুম্
সাক্ষাত ও তোমার শাস্তি থেকে নিরাপত্তা। হে আমাদের ইলাহ! শয়তানের দুর্বল প্ররোচনা কী করতে পারবে তোমার মহান

مَعَ قُوَّتِكَ وَاقْتِدَارِكَ وَأَيَّ رَانَ عَلَى الْقُلُوبِ مَعَ ظُهُورِ أَنْوَارِكَ

মা'আ কুওয়্যাতিকা ওয়া ইক্বতিদা-রিকা ওয়া আয়্যা রা-নিন্ 'আলাল্ কুল্-বি মা'আ যুহূ-রি আন'ওয়া-রিক।
শক্তি ও ক্ষমতার সামনে এবং তোমার নুররাশির প্রকাশের সামনে কী কোন হৃদয়ে কালিমা থাকতে পারে?

إِلَهْنَا إِذَا عَمَّرَتْ قَلْبًا إِضْمَحَلَّ عَنْ كُلِّ شَيْطَانٍ وَإِذَا أَعْنَيْتَ

ইলা-হানা- ইয়া- 'আম্মারতা ক্বাল্বান্ ইহ্মাহাল্লা 'আন্ কুল্লি শায়ত্বোয়া-নিন্ ওয়া ইয়া- আ'নায়তা
হে আমাদের ইলাহ! যখন তুমি কোন কুলবকে আবাদ করে দাও তখন তা শয়তানী সকল প্রকার প্ররোচনা গ্রহণ করতে অনাগ্রহী হয়ে যায়।

بِعَبْدٍ لَمْ يَكُنْ لِأَحَدٍ عَلَيْهِ سُلْطَانٌ وَاتَّصَفَتْ بِالْأَحَدِيَّةِ

বি'আব্দিল্লাম্ ইয়াকুল্ লিআহাদিন্ 'আলায়হি সুলত্বোয়া-ন্ ওয়াত্তাসোয়াফতা বিল্আহাদিয়্যাতি
আর যখন তুমি কোনও বান্দার প্রতি অনুগ্রহ কর তখন তার উপর আর কারও কর্তৃত্ব থাকে না। তুমি 'আহাদিয়াত' গুণে গুণাঙ্কিত

وَأَنْتَ الْمَوْجُودُ وَرَفَعْتَ نَفْسَكَ بِجَلَالِ الرَّبُّوبِيَّةِ فَأَنْتَ الْمَعْبُودُ

ওয়া আন'তাল্ মাওজু-দু ওয়া রাফা'তা নাফসাকা বিজালা-লির্ রুব্বু-বিয়্যাতি ফাআন'তাল্ মা'বু-দু
এবং একমাত্র তুমি সর্বদা বিদ্যমান, তুমি তোমার যাতে পাককে সম্মুত রেখেছ রাব্বিয়ারের মহত্ব দ্বারা, তাই তুমিই একমাত্র উপাস্য,

وَخَلَّصْتَ ضَيْقَ أَرْوَاحٍ مَنِ اخْتَصَصْتَ مِنْ رَبِّقِ الْأَشْبَاحِ إِلَى فِصَاءِ الشُّهُودِ

ওয়া খাল্লাস্তা দ্বী-ক্বা আর্ওয়া-হি মানিখ'তাসোয়াস্তা মির্ রিব্বিক্বিল্ আশবা-হি ইলা- ফাহোয়া-ইশ্ শুহূ-দি
তুমি মুক্তি দিয়েছ তোমার বিশেষ ব্যক্তিবর্গের রুহকে দেহের বন্ধন থেকে দর্শন লাভের আকাশের দিকে।

أَنْتَ الْأَوَّلُ قَبْلَ كُلِّ شَيْءٍ وَالْآخِرُ بَعْدَ كُلِّ شَيْءٍ كُلُّ شَيْءٍ هَالِكٌ حَادِثٌ مَفْقُودٌ

আন'তাল্ আউয়ালু ক্বাব্লা কুল্লি শায়ইন্ ওয়াল্ আ-খিরু বা'দা কুল্লি শায়ইন্ কুল্লু শায়ইন্ হা-লিকুন্ হা-দিসুম্ মাফকু-দু
তুমি সর্ব প্রথম প্রত্যেক কিছুর পূর্বে এবং সর্বশেষ প্রত্যেক কিছুর পরে। প্রত্যেক বস্তু ধ্বংসশীল, ক্ষণস্থায়ী, বিলীনযোগ্য,

لَا مَوْجُودَ إِلَّا بِوَجُودِكَ لِأَحْيَاءِ لِلْأَرْوَاحِ إِلَّا بِشُهُودِكَ

ল্লা-মাওজ্-দা ইল্লা- বিওজ্-দিকা লা- হায়াতা লিল্ আরওয়া-হি ইল্লা- বিশুহ্-দিকা
তোমার অস্তিত্ব ব্যতিরেকে কোন কিছুর অস্তিত্ব কল্পনাও করা যায় না, নেই জীবন কোন রূহে তোমার শুহদ ব্যতিরেকে।

أَشْرَتْ إِلَى الْأَرْوَاحِ فَاجَابَتْ وَكَشَفَتْ عَنِ الْقُلُوبِ فَطَابَتْ

আশারতা ইলাল্ আরওয়া-হি ফাআজা-বাত্ ওয়া কাশাফতা 'আনিল্ কুলু-বি ফাত্তোয়া-বাত্
তুমি রুহুলোর দিকে ইশারা করেছ আর এগুলো সাড়া দিয়েছে, হৃদয়গুলো থেকে পর্দা অপসারণ করেছ আর এতে সেগুলো পবিত্র হয়ে গিয়েছে

فَهَنِيئًا لَهَا كُلُّ أَرْوَاحِهَا لَكَ مُجِيبَةٌ وَلِقَوْلِ قُلُوبِهَا فَاهِمَةٌ

ফাহানী-আল্ লিহায়া-কিলা আরওয়া-হুহা- লাকা মুজী-বাত্ ওয়া লিক্বাওয়া-লিবা কুলু-বুহা- ফা-হিমাতুন্
এবং সুতরাং ওই দেহের প্রতি, মুবারকবাদ যার রুহগুলো তোমার নির্দেশের প্রতি আনুগত্য প্রকাশ করেছে এবং ওই দেহের প্রতি যার হৃদয়গুলো

عَنْكَ مُنِيبَةٌ إِلَيْكَ إِلَهِنَا فَطَهَّرَ قُلُوبَنَا مِنَ الدَّنَسِ فَتَكُونُ

'আনকা মুনী-বাতুন্ ইলায়ক। ইলা- হানা- ফাত্তোয়াহিহি কুলু-বানা- মিনাদ্ দানাসি ফাতাকু-না
তোমাকে বুঝতে সক্ষম হয় ও তোমার প্রতি ধাবিত হয়। হে আমাদের ইলাহ! তাই পবিত্র করে দাও আমাদের হৃদয়গুলোকে

مَحَلًّا لِمَنَازِلَاتِ وَجُودِكَ وَخَلِّصْنَا مِنْ لَوْتِ الْأَغْيَارِ

মাহাল্লাল্ লিমানা-যিলা-তি ওজ্-দিকা ওয়া খালিস্না- মিল্লাউসিল্ আগ'ইয়া-রি
ময়লা-আবর্জনা থেকে, যাতে তোমার অস্তিত্বের দান-দক্ষিণাসমূহ গ্রহণ করার উপযোগী হয় এবং আমাদেরকে মুক্তি দাও অন্যের প্রতি দৃষ্টিপাতের আবর্জনা থেকে

لِخَالِصِ تَوْحِيدِكَ حَتَّى لَا نَشْهَدَ لِغَيْرِ أَعْمَالِكَ وَصِفَاتِكَ

লিখা-লিসি তাওহী-দিকা হাত্তা- লা- নাশ'হাদা লিগায়রি আফ'আ-লিকা ওয়া সিফা-তিকা
তোমার নিরেট তাওহীদের দিকে, যাতে তোমার কার্যাদি ও গুণাবলী ছাড়া আর কিছু না দেখি এবং প্রতিফলিত হয় তোমার

وَتَجَلَّى عَظِيمِ ذَاتِكَ فَانْتَ الْوَهَّابُ الْمَانِحُ الْهَادِيَ الْقَادِرُ الْفَاتِحُ

ওয়া তাজাল্লা- 'আযী-মু যা-তিকা ফাআন্তাল্ ওয়াহুহা-বুল্ মা-নি'হুল্ হা-দিল্ ক্বা-দিরুল্ ফা-তিহ্।
মহান যাতে পাকের তজল্লী, কেননা তুমিই হলে একমাত্র দাতা, অনুগ্রহশীল, হেদায়তকারী, শক্তিদর, প্রশস্তদাতা।

إِلَهِنَا إِنَّ الْخَيْرَ كُلَّهُ بِيَدِكَ وَأَنْتَ مُوَهِّبُهُ وَمُعْطِيهِ وَعِلْمُهُ مُغِيبٌ عَنِ الْعَبْدِ لَا يَدْرِي

ইলা-হানা- ইলাল্ খায়রা কুল্লাহু- বিয়াদিকা ওয়া আনতা মু-হিবুহু- ওয়া মু'ত্তী-হি ওয়া 'ইলমুহু- মুগাইয়্যাবুন 'আনিল্ 'আবদি লা- ইয়াদরী-
হে আমাদের ইলাহ! সকল প্রকার কল্যাণ একমাত্র তোমারই ক্বদরতের হাতে, কেননা তুমি হলে এ সকলের হেবাকারী ও দাতা। তাঁর জ্ঞান বান্দাদের অগোচরে,

مِنْ أَيْنَ يَأْتِيهِ وَطَرِيقُهُ عَلَيْهِ مَبْهُوْلٌ لَوْلَا أَنْتَ دَلِيلُهُ وَقَائِدُهُ وَمَهْدِيهِ

মিন্ আয়না ইয়া'তী-হি ওয়া ত্বারী-ক্বু- 'আলায়হি মুবহামুম্ মাজ্হু-লুল্ লাওলা- আনতা দলীলুহু ওয়া ক্বা-ইদুহু ওয়া মাহদী-হি,
যারা জানেনা তা কিভাবে আসছে, তাঁর তরীক্বাহ সৃষ্টির নিকট রহস্যময়, অজানা, যদি তুমি তাঁর পথ প্রদর্শক, চালক ও হেদায়তকারী না হতে।

يَا إِلَهِي تَبَارَكْتَ وَتَعَالَيْتَ وَغَلَّ سَرِيرَتُهُ وَقَبِحَ مَا انطَوَى عَلَيْهِ لِمَنْ

ইয়া ইলাহী! তাবারাকতা ওয়া তা'আলায়তা ওয়া গাল্লা সারী-রাতুহু- ওয়া ক্বাবুহা মান্ত্বাওয়া- 'আলায়হি লিমান্
হে আমার ইলাহ! তুমি বরকতময়, উচ্চমর্যাদার ধারক। আর যার মস্তককে তুমি নিচের দিকে উপুড় করে দিয়েছ তাদের রহস্যাদি ধোঁকায় আবৃত ও

أَرَكْسَتَهُ لِأَمِّ رَأْسِهِ فِي زُبَيْتِهِ وَرَدَّدْتَهُ فِي مَهْوَى حُفْرَتِهِ فَاَنْقَمَعَ بَعْدَ اسْتِطَالَتِهِ

আরকাসতাহু- লিউম্মি রা'সিহী- ফী- যুবী-বাতিহী- ওয়া রাদ্দাততাহু- ফী- মাহুওয়া- হুফরাতিহী- ফানক্বামা 'আ বা'দাস্ তিত্বোয়া-লাতিহী-
তাদের অন্তরগুলো হীন, ময়লাযুক্ত, আর তুমি তাকে ফিরিয়ে দিয়েছ অতল গহ্বরে, ফলে সে অন্যায় ও সীমালংঘনে লিপ্ত হয়ে গেল স্বীয় জালে আটকা পড়ে নিগৃত

ذَيْلًا فِي رِبْقِ الْحِبَالَةِ الَّتِي كَانَ يَقْدِرُ أَنْ يَرَانِي فِيهَا وَقَدْ كَادَ أَنْ يَحُلَّ بِي لَوْلَا رَحْمَتُكَ

যালী-লান্ ফী- রিবক্বিল হিব-লাতি ল্বাতী- কা-না ইয়াক্বদিরু আই ইয়ারা-নী- ফী-হা- ওয়া ক্বাদ কা-দা আই ইয়াহল্লা- বী- লাউলা- রাহ্মাতুকা
ও অপমানিত হয়ে, যে অবস্থায় আমাকেও দেখার সম্ভাবনা ছিল এবং যে অবস্থা আমার উপরও আপতিত হবার উপক্রম হয়েছিল; কিন্তু একমাত্র তোমার রহমত

لَا حَلَّ بِسَاحَتِهِ اَللّٰهُمَّ اِنَّ ذَاتَكَ سَرْمَدِيَّةٌ وَصِفَاتِ ذَاتِكَ سَرْمَدِيَّةٌ

লাআহাল্লা বিসা-হাতিহু। আল্লা-হুম্মা ইন্না যা-তাকা সার্মাদিয়্যা'তু ওয়া সিকা-তু যা-তিকা সার্মাদিয়্যা'তু
যদি আমাকে রক্ষা না করত তাহলে আমি তাদের আদিনায় উপনীত হয়ে যেতাম। হে আল্লাহ! তোমার যাতে চিরস্থায়ী এবং তোমার মহান যাতে পাকের গুণাবলী চিরস্থায়ী,

وَأَسْمَاءُ ذَاتِكَ سَرْمَدِيَّةٌ لَا حُدُوثَ فِيهَا وَلَا تَجَدُّدَ وَلَا تَكْثُرَ فِيهَا

ওয়া আস্মা-আ যা-তিকা সার্মাদিয়্যা'তুল্ লা- হুদু-সা ফী-হা ওয়ালা- তাজাদ্দু ওয়ালা- তাকাস্সুরা ফী-হা-
তোমার যাতে পাকের নামাবালীও চিরস্থায়ী, যাতে কোন প্রকার পরিবর্তন ও নুতনত্ব নেই, যাতে নেই কোন প্রকার আধিক্য ও সংখ্যাধিক্য।

وَلَا تَعْدُدْ فَكَيْفَ يُدْرِكُكَ مِنْ هَوْفِي عَيْنِ الْحُدُوثِ دَائِمًا وَفِي

ওয়ালা- তা'আদ্দুদা ফাকায়ফা ইয়ুদরিকুকা মান্ হুয়া ফী- 'আয়নিল্ হুদু-সি দা-ইমাওঁ ওয়া ফী-
সূতরাং যে সর্বদা পরিবর্তনে নিমজ্জিত এবং নুতনত্বে অটল, সে কিভাবে তোমার মহান যাতে পাক সম্পর্কে ধারণা পাবে।

مَحْضِ التَّجَدُّدِ ثَابِتًا وَنَسُئُكَ اللَّهُمَّ سِرَّ الْأَسْرَارِ الْمَانِعِ مِنَ الْأَضْرَارِ

মাহ্দিহ্ তাজাদ্দি সা-বিতান্ ওয়া নাসআলুকা ল্লা-হুমা সিররা-রিল্ আস্রা-রিল্ মা-নি'ই মিনাল্ আদ্রা-রি
আর আমরা তোমার নিকট প্রার্থনা করছি হে আল্লাহ! ওই রহস্যাদির রহস্য, যা ক্ষতিরোধক,

حَتَّى لَا يَكُونَ لَنَا مَعَ الذَّنْبِ وَالْعَيْبِ قَرَارٌ وَثَبَّتْنَا يَا رَبَّنَا وَاهْدِنَا

হাত্তা- লা- ইয়াকু-না লানা- মা'আয্ যাযবি ওয়াল্ 'আয়বি ক্বারা-ক্ব ওয়া সাবিবত্না- ইয়া- রাব্বানা- ওয়াহদিনা-
যাতে কোন প্রকার পাপাচার ও দোষ-ক্রটিতে আমাদের স্থায়িত্ব না থাকে। আর আমাদেরকে অটল রাখ হে আমাদের রব! এবং আমাদেরকে পথ দেখাও

لِأَعْمَالِ الصَّالِحَاتِ اللَّهُمَّ إِنَّ سَمْعِي وَبَصْرِي وَسِرِّي وَجَهْرِي وَظَاهِرِي وَبَاطِنِي

লিআ'মা-লিস্ সোয়া-লিহা-ত। আল্লা-হুমা ইন্না সাম্'ঈ- ওয়া বাসোয়ায়ী- ওয়া সিররী- ওয়া জাহরী- ওয়া যোয়া-হিরী- ওয়া বা-ত্বিনী-
সং কার্যাদির দিকে। হে আল্লাহ! নিশ্চয় আমার শ্রবণশক্তি, দৃষ্টিশক্তি, প্রকাশ্য, অপ্রকাশ্য, যাহের ও বাতেন

يَشْهَدُ لَكَ بِحُرْمَةِ نَبِيِّكَ وَرَسُولِكَ الْوَاحِدِ فِي ذَاتِكَ

ইয়াশ্হাদু লাকা বিহুর্মাতি নাবিয়্যিকা ওয়া রাসূ-লিকাল্ ওয়া-হিদি ফী- যা-তিকাস্
সাক্ষী দিচ্ছে তোমার ওই নবী ও রসূলের ওসীলায়, এ মর্মে যে, তুমি এক, অদ্বিতীয় তোমার ওই যাতে পাকের দিক থেকে

السَّرْمَدِيَّةِ الْأَنْجَدِيَّةِ الْأَحَدِيَّةِ قُلُّ هُوَ اللَّهُ أَحَدٌ ۝ اللَّهُ الصَّمَدُ ۝

সার্মাদিয়্যাতিল্ আনজাদিয়্যাতিল্ আহাদিয়্যাহ্। কুল্ হুয়াল্লা-হ্ আহাদ। আল্লা-হুস্ সোয়ামাদ।
যা চিরস্থায়ী, চির শক্তিদর ও আহাদীগুণে গুণাঙ্কিত। হে হাবীব! আপনি বলুন, আল্লাহ্ এক, আল্লাহ্ অমুখাপেক্ষী,

لَمْ يَلِدْهُ ۝ وَلَمْ يُولَدْ ۝ وَلَمْ يَكُنْ لَهُ كُفُوًا أَحَدٌ ۝

লাম ইয়ালিদ্ ওয়ালাম্ ইয়ু-লাদ। ওয়া লাম্ ইয়াকুল্লা-হু- কুফুওয়ান্ আহাদ।
তিনি কাউকে জন্ম দেননি এবং তিনি কারও কাছ থেকে জন্মও নেননি এবং নেই কেউ তাঁর সমকক্ষ।